# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 01, 1433 Bangla, June 15, 2026, Monday, No. 160, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged all to work together to build 'Better Bangladesh'. [R. Today: 20]

Tarique Rahman has met with members of human rights organization Mayer Dak, consisting of family members of victims of enforced disappearances and killings. [R. Today: 23]

Home Minister has informed that Ex-IGP Benazir Ahmed has been arrested in UAE and will be brought back to country soon. [BBC: 03]

Health Minister has said, government will recruit 100,000 health workers including women across country to reach healthcare services to doorsteps. [Jago FM: 11]

Intensive Care Unit services have been launched at 10 district-level hospitals across country. [R. Today: 22]

Education Minister has announced that 670 new secondary level schools, colleges and cadet colleges will be established in different districts and upazilas of country. [Jago FM: 13]

BGB has thwarted an attempt by BSF to push 20 people including women and children into Bangladesh along Chuadanga & Kurigram border. [R. Today: 21]

Bangladesh Bank has dissolved entire Board of Directors of Islami Bank Bangladesh PLC to protect interests of depositors. [R. Today: 24]

Four more people have died from measles-like symptoms in country. [Jago FM: 15]

Iran and U.S. have reached to a deal to end Middle East war -- agreement will be formally signed in Switzerland on Friday next. [Jago FM: 20]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**আষাঢ় ০১, বাংলা ১৪৩৩, জুন ১৫, ২০২৬, সোমবার, নং- ১৬০, ৫৬তম বছর**

# শিরোনাম

উন্নত বাংলাদেশ গড়তে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর । [রে. টুডেঃ ২০]

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন মানবাধিকার সংগঠন `মায়ের ডাক`এর গুম ও খুনের শিকার ভুক্তভোগী পরিবারের সদস্যরা। [রে. টুডেঃ ২৩]

দুবাইয়ে গ্রেফতারকৃত পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদকে অতি দ্রুতই দেশে ফেরত আনা হবে --- জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। [বিবিসিঃ ০৩]

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জানিয়েছেন, ঘরে ঘরে চিকিৎসা সেবা পৌঁছে দিতে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে, যার মধ্যে ৮০ হাজারই নারী। [জাগো এফএমঃ ১১]

দেশের ১০ জেলা সদর হাসপাতালে চালু হলো নিবিড় পরিচর্যা কেন্দ্র । [রে. টুডেঃ ২২]

দেশের বিভিন্ন জেলা-উপজেলায় ৬৭০টি নতুন মাধ্যমিক পর্যায়ের স্কুল, কলেজ এবং ক্যাডেট কলেজ স্থাপন করা হবে --- বললেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী। [জাগো এফএমঃ ১৩]

চুয়াডাঙ্গা ও কুড়িগ্রাম সীমান্তে ২০ জনকে পুশ-ইনের চেষ্টা, বিজিবির বাধায় প্রতিহত। [রে. টুডেঃ ২১]

ব্যাংকের স্থিতিশীল তা ও আমানতকারীদের স্বার্থ সুরক্ষার লক্ষ্যে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির চেয়ারম্যানসহ পুরো পরিচালনা পর্ষদ ভেঙে দিয়েছে বাংলাদেশ ব্যাংক। [রে. টুডেঃ ২৪]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চারজনের মৃত্যু। [জাগো এফএমঃ ১৫]

যুদ্ধ বন্ধে চুক্তিতে পৌঁছেছে ইরান ও যুক্তরাষ্ট্র - আগামী শুক্রবার সুইজারল্যান্ডে আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হবে চুক্তি। [জাগো এফএমঃ ২০]

# বিবিসি

## দুবাইয়ে সাবেক আইজিপি বেনজীর আহমেদ গ্রেফতার

সাবেক আইজিপি বেনজীর আহমেদকে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের সহায়তায় দুবাইয়ে গ্রেফতার করা হয়েছে। দুর্নীতি দমন কমিশনের দায়ের করা একটি মামলায় সংযুক্ত আরব আমিরাতের দুবাই থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, ”প্রত্যর্পণ চুক্তির আওতায় তাকে কূটনৈতিক চ্যানেলে তাকে দেশে ফেরত আনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব পাঠানো হবে।„ এদিকে, পুলিশ সদর দপ্তরের সূত্রগুলো বলছে, গত ১২ জুন ইন্টারপোল বাংলাদেশের পুলিশ কর্তৃপক্ষকে এই বিষয়ে অবহিত করেছে। মি. আহমেদ ২০২০ সালের এপ্রিল থেকে ২০২২ সালের সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশ পুলিশের আইজিপি ছিলেন। ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের আগে তিনি দেশ ছেড়ে পালিয়ে যান।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় দুই আসামির আপিল শুনানির জন্য হাইকোর্টে

ঢাকায় পল্লবীতে শিশু রামিসা আক্তার ধর্ষণ ও হত্যার ঘটনায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামির জেল আপিল শুনানির জন্য গ্রহণ করেছেন হাইকোর্ট। রোববার মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিদের আবেদন শুনানির জন্য গ্রহণ করে হাইকোর্টের একটি বেঞ্চ। গত বৃহস্পতিবার কারা কর্তৃপক্ষের মাধ্যমে আপিল করেন তারা। অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল জানিয়েছেন, দ্রুততম সময়ের মধ্যে আপিল আবেদনের শুনানি শেষ করে রায় কার্যকর দেখতে চায় রাষ্ট্রপক্ষ। পরে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, ”আদেশটি তারা (কোর্ট) সেকশনে পাঠিয়ে দেবেন। আমরা প্রত্যাশা করি, সেটি যাওয়ার পরেই রামিসা হত্যা মামলার মৃত্যুদণ্ড রেফারেন্স শুনানির প্রস্তুতির কাজ অনেক দূর এগিয়ে যাবে, পেপার বুক তৈরি হয়ে যাবে।„ প্রত্যাশিত দুই কার্যদিবসের মধ্যে পেপারবুক তৈরির কাজ সম্পন্ন না হওয়ার কারণ ব্যাখ্যা করে তিনি জানান, আপিলটা মঞ্জুর হয়েছে এবং সেই আপিলটা মৃত্যুদণ্ডের রেফারেন্সের সঙ্গেই শুনানি হবে। ”কিন্তু প্রত্যাশা অনুযায়ী, যে দুই কার্যদিবসের কথা বলা হয়েছিল, সেটি হয়নি। কারণ মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তির জেল আপিল করার জন্য সাতদিন সময় থাকে। আইনি বাধ্যবাধকতার ওই সময়টুকু তাদের দিতে হবে,„ বলেন অ্যাটর্নি জেনারেল।
(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## অতি দ্রুতই বেনজীর আহমেদকে বাংলাদেশে ফেরত আনা হবে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

দুবাইয়ে গ্রেফতারকৃত পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদকে অতি দ্রুতই দেশে ফেরত আনা হবে বলে জাতীয় সংসদে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সংসদে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে তিনি সাবেক আইজিপির গ্রেফতারের বিষয়টি অবহিত করেন। পরে তিনি জানান, রেড নোটিশের মাধ্যমে ইন্টারপোল কর্তৃক সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছিল গ্রেফতারের জন্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”গত ১২ জুন সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ডাইরেক্টের জেনারেল অব ফেডারেল ক্রিমিনাল পুলিশ, ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো বা এনসিবি আবুধাবি হতে প্রেরিত একটি ইমেইলের- মাধ্যমে বাংলাদেশ সরকারকে জানানো হয়েছে যে, দুর্নীতি মামলায় অভিযুক্ত বেনজীর আহমেদকে সংযুক্ত আরব আমিরাত পুলিশ কর্তৃক গ্রেফতার করা হয়েছে। তিনি বর্তমানে সেখানে আটক আছেন।„ তিনি জানান, আনুষ্ঠানিকভাবে প্রত্যর্পণ আবেদন করে এবং আবুধাবির সাথে সমন্বয়পূর্বক অতি দ্রুতই তাকে বাংলাদেশে নিয়ে আসা হবে।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## সীমান্তে ’পুশ-ইনের’ চেষ্টার বিরুদ্ধে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের প্রতিবাদ সমাবেশ

বাংলাদেশের বিভিন্ন সীমান্ত দিয়ে ভারত `পুশ-ইনের, নামে ভারতীয়দেরই অনুপ্রবেশ ঘটিয়ে নজীরবিহীন নৈরাজ্য সৃষ্টি করছে বলে অভিযোগ করেছেন জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের নেতারা। দলটির নেতারা বলছেন, এই কর্মকাণ্ড বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের উপর নগ্ন হস্তক্ষেপ। রোববার সকালে রাজধানীর সেগুনবাগিচায় জাতীয় প্রেস ক্লাব-এর সামনে এক মানব বন্ধন ও প্রতিবাদ সমাবেশে এ কথা বলেন জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের নেতারা। সভাপতির বক্তব্যে ইশতিয়াক আজিজ উলফাত বলেন, এই প্রথমবারের মতো ভারত একজন প্রবীণ রাজনীতিবিদকে কিছু দিন পূর্বে বাংলাদেশের হাইকমিশনার করে পাঠিয়েছেন। তিনি বাংলাদেশে প্রবেশ করেই বলেছেন, আমরা এক অভিন্ন এবং উনি সুন্দর সুন্দর বক্তব্য রাখছেন, অথচ বাংলাদেশের কুখ্যাত রাজনীতিবিদ শেখ হাসিনাকে দিল্লিতে আশ্রয় দিয়ে রেখেছেন, যা বাংলাদেশের মানুষ কখনও মেনে নেবে না। তিনি হতদরিদ্র নিরীহ ভারতীয়দের `পুশ-ইন, বন্ধ করার আহ্বান জানান।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## ছাত্র-শিবির নেতার বিরুদ্ধে 'আত্মগোপন ও ধর্ষণের' অভিযোগ নিয়ে সংসদে তুমুল উত্তেজনা

সম্প্রতি ইসলামী ছাত্র-শিবিরের একজন কেন্দ্রীয় নেতার নিখোঁজ ও আত্মগোপনের অভিযোগ, পরবর্তীতে তাকে পুলিশের উদ্ধার এবং সবশেষে ওই নেতার বিরুদ্ধে ধর্ষণ ও ভ্রূণ হত্যার মামলা দায়েরের ঘটনা নিয়ে আলোচনা সংসদ পর্যন্ত গড়িয়েছে। রোববার বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জাতীয় সংসদে কুমিল্লায় ইসলামী ছাত্র-

শিবির নেতা মো. জিসান মিয়া প্রধানের নিখোঁজ এবং ধর্ষণের অভিযোগে হওয়া মামলার বিষয়টি জাতীয় সংসদকে অবহিত করেন। বিষয়টি নিয়ে বিরোধী দল জামায়াতে ইসলামীর বিরোধিতায় এ সময় সংসদে উত্তেজনা সৃষ্টি হয়। দুপুরে সংসদ অধিবেশন শুরু হলে স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ ৩০০ বিধিতে সাবেক আইজিপি বেনজীর আহমেদের গ্রেফতারের খবর জানান। ওই বক্তব্যের পরে ইসলামী ছাত্র-শিবিরের কেন্দ্রীয় সহকারী আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মি. প্রধানের বিষয়টি সংসদে জানানোর অনুমতি চাইলে ডেপুটি স্পিকার তাকে অনুমতি দেন। শিবির নেতা মি. প্রধান বিয়ের প্রলোভন দেখিয়ে একজন নারীকে একাধিকবার ধর্ষণ করলে তিনি অন্তস্বত্তা হয়ে পড়েন বলে কুমিল্লার পুলিশের বরাত দিয়ে সংসদে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "কিন্তু একপর্যায়ে ওই নারীকে জোরপূর্বক ভ্রূণ নষ্ট করার চাপ প্রয়োগ করে মি. প্রধান এবং নষ্ট না করলে মেয়েটিকে মেরে ফেলার হুমকি দেয়। পরে ট্যাবলেট খাইয়ে ওই ভ্রূণ নষ্ট করা হয়। কিন্তু ওই নারী শিবির নেতা মি. প্রধানকে বারবার বিয়ের জন্য চাপ দিলে রাজিও হন তিনি।„ "এক পর্যায়ে ১১ জুন শিবির নেতা জিসান মিয়া প্রধান আত্মগোপন করে চাচাতো ভাইকে দিয়ে থানায় নিখোঁজ জিডি করান।„ সংসদ অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী আরও জানান, এ ঘটনায় ওই নারীর দায়ের করা মামলায় অভিযুক্ত সজীব হাসান ও সেকান্দার আলীকে গ্রেফতার করা হয়েছে। তারা আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

পুরো ঘটনাটির বর্ণনা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের নাম উল্লেখ না করে তার ফেসবুকে দেওয়া পোস্টের কথা উল্লেখ করেন। "এ বিষয়ে অনেকেই ভেরিফায়েড ফেসবুক পেইজে তার নিখোঁজের বিষয়টি অন্যভাবে বর্ণনা করে সরকারকে দায়ী করতে চেয়েছিল এবং প্রকৃত ঘটনা উদঘাটনের পরে সেটা আমরা মনে করলাম এই ঘটনা জাতির সামনে প্রকাশ করা দরকার। আমি মহান জাতীয় সংসদের মাধ্যমে এইটা প্রকাশ করলাম,„ বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। শিবির নেতা মি. প্রধানের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে দায়ের করা মামলাটির তদন্ত চলছে বলে কুমিল্লা জেলা পুলিশের বরাত দিয়ে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, "আমি দলের নাম নিতাম না, যেহেতু এটার বিষয়ে কিছু ক্লেইম করা হয়েছে সেইজন্য নিচ্ছি।„ স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ করেন জামায়াতের নায়েবে আমির ও বিরোধী দলের উপনেতা সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি সংসদে বলেন, "ভেরি আনফরচুনেট থিং হচ্ছে, এই আমার জানা নাই, স্বরাষ্ট্রমন্ত্রী পরবর্তী পর্যায়ে একটি আনডিসাইডেড ম্যাটারকে বিতর্কিত বিষয়কে পার্লামেন্টে এরকম বক্তব্য রাখা..কোনো একটি দলকে করে, এইটা বোধ হয় পার্লামেন্টের ইতিহাসে এই প্রথম বলেই আমি মনে করি।„ "এইটা মনে হচ্ছে, আমার কাছে, স্বরাষ্ট্রমন্ত্রী একটি দলকে কনডেম করার জন্যই ইনটেনশনালি এটা এখানে প্লেস করেছেন,„ বলেন মি. তাহের। এ সময় ডেপুটি স্পিকার কায়সার কামাল তাকে স্মরণ করিয়ে বলেন, সংসদের বিধান অনুযায়ী ৩০০ বিধিতে কথা বললে সে নিয়ে প্রশ্ন করা যায় না। জামায়াতে ইসলামীর নায়েবে আমির মি. তাহের শিবির নেতা জিসান মিয়া প্রধানের অবস্থান জানতে চান। তিনি অভিযোগ করেন, "কুমিল্লার পুলিশ জিসানের সাথে ওই মেয়েটার সাথে কারো সাথেই কথা বলতে দিচ্ছে না। কিন্তু এটা কেন? এখানে কি কোনো প্লট তৈরি হচ্ছে? আজকে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যে এটা মনে হচ্ছে, ওনারা একটা প্লট তৈরি করার জন্যই পুলিশ এবং স্বরাষ্ট্রমন্ত্রী একই লাইনে আলোচনা করে এই কাজটি করেছেন।„(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

## নারী সংসদ সদস্যের পোশাক নিয়ে মনিরুল হকের মন্তব্যে সংসদে উত্তেজনা, পরে এক্সপাঞ্জ

নারী সংসদ সদস্যদের পোশাক নিয়ে কুমিল্লা-৬ আসনের বিএনপির সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীর মন্তব্য ঘিরে সংসদে হই চই ও উত্তেজনা হয়েছে। তখন বিরোধী দলের আপত্তির মুখে ওই সংক্রান্ত বক্তব্য এক্সপাঞ্জ করা হয়। রোববার বিকেলে সংসদের অধিবেশনে প্রস্তাবিত বাজেট নিয়ে আলোচনায় সংসদ সদস্য মি. চৌধুরীর মন্তব্য নিয়ে উত্তেজনা হয়। তিনি ২০০৪ সালে সংসদ সদস্য হওয়ার পরের এক দাওয়াত অনুষ্ঠানের উদাহরণ তুলে ধরেন। সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী বলেন, "আপনাদেরকে চেনা খুব কঠিন। এই কারণে কঠিন, খন্দকার মোশাররফ সাহেব আছে। ২০০৪ সালে তাহের ভাইসহ এমপি হওয়ার পরে, উনি মন্ত্রী হওয়ার পরে আমাদের সব এমপিদেরকে দাওয়াত দিছেন বউ নিয়া। আমি বউ নিয়া যাই নাই, কয়েকজন বউ নিয়া যায় নাই। তাহের ভাই বউ নিয়া গেছে। ঢোকার পর দেখি, একটা কিছু হাঁটতেছে। আমি বললাম যে, তাহের ভাই ভাবি কই। উনি বলেন, "এই যে। আমি বলি আপনে যে বদলায়া আনেন নাই এইটা কেমনে বুঝমু„। এই সংসদ সদস্য জামায়াতে ইসলামীর দুইজন নারী সংসদ সদস্যের বক্তব্যের প্রশংসা করেন। কিন্তু তাদের পোশাকের কারণে তাদের চিহ্নিত করতে পারছেন না, এমন বিষয় উল্লেখ করেন মনিরুল হক চৌধুরী। "মাননীয় স্পিকার, আমাদের হাউজেও আমাদের বোনেরা এসেছে এমপি হইয়া। আপনি অভিনন্দন জানাইছেন, আমিও অভিনন্দন জানাইতে চাই, সবাই মেধাবী। দুইজনের বক্তৃতা শুনছি। আগামী দিনে কিছু করতে পারবে, ভবিষ্যৎ আছে, লেখাপড়া জানা। কিন্তু বুঝলাম নাতো কারা আপনারা। ভেতরে কে? আপনারা এইদিকে দেখতে পারেন, আমরা এইদিকে দেখলে কী আছে বুঝবো না, এটা ঠিক নাতো,„ বলেন মি. চৌধুরী। এই কথার পরপরই ডেপুটি স্পিকার তাকে উদ্দেশ্য করে বলেন, "মাননীয় সদস্য প্লিজ পারসোনাল ফ্রিডম নিয়ে কথা বলা উচিত না।„ এ সময় জামায়াতে ইসলামীর সংসদ সদস্যরা এই ঘটনার প্রতিবাদ করে দাঁড়িয়ে প্রতিবাদ করেন এবং তখন হট্টগোলের পরিবেশ তৈরি হয়। ডেপুটি স্পিকার তাদেরকে বসার অনুরোধ করেন। সে সময় মি. হক বারংবার তিনি

কাউকে উদ্দেশ্য করে কিছু বলেননি বরং অতীতের একটি ঘটনার গল্প বলেছেন বলে দাবি করতে থাকেন। ডেপুটি স্পিকার কায়সার কামাল সবাইকে বসার অনুরোধ করেন আবারও।এই সময় মি. হককে লক্ষ্য করে ডেপুটি স্পিকার বলেন, "আপনি পারসোনাল ফ্রিডম নিয়ে যে বক্তব্য দিয়েছেন, এই অংশটুকু এক্সপাঞ্জ করা হলো।„ কেউ যাতে ভবিষ্যতে পারসোনাল ফ্রিডম নিয়ে কথা না বলেন, সেজন্য সতর্ক করেন ডেপুটি স্পিকার মি. কামাল।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ নারগীস)

## বাংলাদেশের এইচএসসি সিঙ্গাপুরের ক্লাস সিক্সের সমান : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

বাংলাদেশের এইচএসসি লেভেল সিঙ্গাপুরের ক্লাস সিক্সের সমমানের বলে জাতীয় সংসদ অধিবেশনে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। রোববার সংসদে তিনি বলেন, বিএনপি সরকার সবচেয়ে বড়ো বরাদ্দ রেখেছে শিক্ষা খাতে। প্রাথমিক এবং গণশিক্ষা সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। বাংলাদেশের শিক্ষার্থীরা অনেক জায়গায় পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় পাশ করতে পারে না বলে উল্লেখ করেন তিনি। "বিগত ২০ বছর ধরে প্রাথমিক শিক্ষায় ও গণশিক্ষায় আমরা যেই লেভেলের অরাজকতা দেখেছি, সেটা এখন পরিষ্কার যে, আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে পরীক্ষা দিতে যেয়ে আমাদের শিক্ষার্থীরা পাস করতে পারে না অনেক জায়গায়,„ বলেন প্রাথমিক শিক্ষা প্রতিমন্ত্রী। একইসঙ্গে বাংলাদেশের উচ্চ মাধ্যমিক বা এইচএসসি পর্যায় সিঙ্গাপুরের ক্লাস সিক্সের সমমানের বলেও মন্তব্য করেন প্রাথমিক শিক্ষা প্রতিমন্ত্রী। "আমাদের পার্শ্ববর্তী দেশ সিঙ্গাপুরে আমাদের এইচএসসি লেভেলকে তাদের সমসমান ক্লাস সিক্সের লেভেলের সাথে তুলনা করা হয়। সেই জায়গা থেকে আমাদের দায়িত্ব এই জাতিগত ইনভেস্টমেন্টটা ঢালাওভাবে সাজানো,„ বলেন মি. হাজ্জাজ। এছাড়া, প্রধানমন্ত্রীর নির্দেশে প্রাথমিক শিক্ষার কারিকুলাম, শিক্ষক নিয়োগসহ সব ক্ষেত্রে ঢেলে সাজাতে সরকার হাত দিয়েছে বলেও জানান তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ নারগীস)

## 'মায়ের মৃতদেহ আটকে ছেলেকে কান ধরে ওঠবস', কী ঘটেছিল রংপুর মেডিকেলে

বাংলাদেশের রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ইন্টার্ন চিকিৎসকদের সাথে দুর্ব্যবহারের অভিযোগ তুলে এক নারীর মৃতদেহ আটকে তার ছেলেকে কান ধরে ওঠবস করানোর ঘটনা আলোচনার ঝড় তুলেছে। ওই ছেলের কান ধরে ওঠবসের ভিডিও সামাজিক মাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। ঘটনার জের ধরে কর্মবিরতির ডাক দেওয়া ইন্টার্ন চিকিৎসকরা আজ রবিবার দুপুর পর্যন্ত হাসপাতালের কাজে যোগ দেননি বলে জানা গেছে। শনিবার এ নিয়ে দুইপক্ষের বিরোধে হাসপাতালে জরুরি সেবা বিভাগের কার্যক্রম শনিবার অন্তত তিন ঘণ্টা বন্ধ রাখার অভিযোগ পাওয়া গেছে। হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আশিকুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেছেন, যিনি মারা গেছেন, তার ছেলে চিকিৎসকদের মারধর করেছেন এবং পরে এ ঘটনায় মেডিকেল কলেজের ছাত্ররাও জড়িয়ে পড়ে। "ভিডিও ফুটেজে আমরা দেখেছি, চিকিৎসকদের মারধর করা হয়েছে। তারপরেও আমরা চেষ্টা করেছি, পরিস্থিতি সামাল দিতে। নিহত নারীর ছেলে না আসায় লাশ হ্যান্ডওভার করতে দেরি হয়েছিল,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। এদিকে, যাকে কান ধরে ওঠবস করতে বাধ্য করা হয়েছে, সেই রিফাত হোসেন বিবিসি বাংলাকে বলেছেন, "যা হওয়ার হয়ে গেছে। আমার আর কোনো অভিযোগ নেই। তবে আমি শুধু বলতে চাই যে, আমার মতো কেউ যেন আর মা না হারায়।„

### ঘটনা কী হয়েছিল

হাসপাতাল কর্তৃপক্ষ, চিকিৎসক ও নিহতের স্বজনদের সাথে কথা বলে জানা গেছে, শুক্রবার গভীর রাতে রংপুরের জুম্মাপাড়া এলাকার নুরুন্নাহার বেগম হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তার ছেলে রিফাত হোসেন ও তার স্ত্রী তাকে রংপুরে মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। হাসপাতালের হৃদ্‌রোগ বিভাগে নিয়ে যাওয়ার কিছুক্ষণ পরেই নুরুন্নাহার মারা যান। এরপরই এ নিয়ে নিহতের ছেলেসহ স্বজনদের সাথে চিকিৎসকদের উচ্চবাচ্য হয়েছিল বলে জানান হাসপাতালের পরিচালক আশিকুর রহমান। মি. রহমান বলছেন, সিসিটিভি ফুটেজে তারা দেখেছেন যে, চিকিৎসকদের মারধর করা হয়েছে। আক্রান্ত হয়েছেন কর্মরত নার্সও। যদিও নিহতের ছেলে রিফাত হোসেন বিবিসি বাংলাকে বলেছেন, ঘটনার আকস্মিকতায় ডাক্তারদের সাথে তাদের উচ্চবাচ্য হয়েছে। তবে সেখানে কাউকে মারধরের অভিযোগ অস্বীকার করেছেন তিনি। "আমার হয়ত এমন করা ঠিক হয়নি। তবে আমার মায়ের মতো আর কোনো মাকে যেন হাসপাতালে এসে মরতে না হয়,„ বলছিলেন তিনি। জানা গেছে, ওই নারীর মৃত্যুর পর রিফাতসহ তার স্বজনরা কর্মরত ডাক্তারদের বিরুদ্ধে রোগীকে প্রয়োজনীয় অক্সিজেন না দেওয়ার অভিযোগ তোলেন। এ নিয়ে তখন দু-পক্ষ বিবাদে জড়িয়ে পড়লে দু-জন ইন্টার্ন চিকিৎসককে মারধরের ঘটনা ঘটে।

রোগীর স্বজনরা বারবার অভিযোগ করতে থাকেন যে, অক্সিজেন না দেওয়াতেই ওই নারীর মৃত্যু হয়েছে। তবে চিকিৎসকরা বলেছেন, রোগীর জন্য চিকিৎসার যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে, কিন্তু রোগীর মৃত্যুর পর চিকিৎসকদের ওপর হামলা করা হয়েছে। ওই ঘটনার পর সকালে হাসপাতালের পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং পরে নিহত নারীর স্বজনরা তার মৃতদেহ আনতে গেলে তখন ইন্টার্ন চিকিৎসকরা মৃতের ছেলে রিফাত হোসেনকে এসে ক্ষমা চাওয়ার শর্ত

দেন। এক পর্যায়ে মৃতদেহ যখন মর্গে, তখন চিকিৎসকরা সেখানে অবস্থান নেন এবং রিফাতকে এসে ক্ষমা চাওয়ার দাবি জানান। একইসঙ্গে বিক্ষোভ শুরু করেন তারা। অন্যদিকে লাশ না পেয়ে নিহতদের স্বজনরা হাসপাতালের বাইরে মেডিকেল মোড়ের সড়ক অবরোধ করেন। এক পর্যায়ে নিহতের স্বজনরা অ্যাম্বুলেন্স নিয়ে মর্গের সামনে গেলেও লাশ তুলতে বাধা দেন ইন্টার্ন চিকিৎসক ও মেডিকেল কলেজের ছাত্ররা। এক পর্যায়ে শিক্ষার্থীরা হাসপাতালের জরুরি বিভাগে তালা দিলে প্রায় তিন ঘণ্টা জরুরি বিভাগের কার্যক্রম ব্যাহত হয়। পরে হাসপাতালের পরিচালক দু-পক্ষের সাথে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। শেষ পর্যন্ত শনিবার বেলা ৩টার দিকে নিহতের ছেলে রিফাত হোসেন হাসপাতালে গেলে তাকে একটি কক্ষে নিয়ে কান ধরে ওঠবস করানো হয়। কান ধরে ওঠবস করানোর যে ভিডিওটি ব্যাপক প্রচার হয়েছে সামাজিক মাধ্যমে, সেখানে তাকে গুনে গুনে কান ধরে ওঠবস করতে দেখা গেছে। ঘটনার সময় কক্ষটিতে আরও অনেকে উপস্থিত ছিল। এরপর তার মায়ের মৃতদেহ ফেরত দেওয়া হয়েছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন তিনি, ”যা দেখেছেন, তাই সত্যি। তবে এখন আমার আর কোনো অভিযোগ নেই। এ বিষয়ে আর কিছু বলতে চাই না,„ বিবিসি বাংলাকে রোববার বেলা ৩টায় বলেছেন তিনি। তার ভাই মোজাম্মেল হোসেন রিন্টু বিবিসি বাংলাকে বলেন, ”আমার ভাই কিছুটা উচ্চবাচ্য হয়ত করেছে। এটি ঠিক হয়নি। আমাদের জন্য অন্য রোগীদের সমস্যা হোক, তা আমরা চাই না। তবে সাংবাদিকদের উচিত, হাসপাতালে এসে পরিস্থিতি দেখা।„ যদিও হাসপাতালের একজন চিকিৎসক বলেছেন, নিহত নারীর ছেলেকে কান ধরে ওঠবস করিয়েছে মেডিকেল কলেজের একজন ছাত্র। ওই চিকিৎসক তার নাম প্রকাশ করার অনুরোধ করেছেন। বিষয়টি নিয়ে কথা বলার জন্য রংপুরে ইন্টার্ন ডাক্তারদের সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে বারবার যোগাযোগ করা হলেও তারা সাড়া দেননি। যদিও এই ঘটনার পর হাসপাতালে চিকিৎসকদের নিরাপত্তার দাবিতে ইন্টার্ন চিকিৎসকরা কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন এবং মেডিকেল কলেজের শিক্ষার্থীরাও তাদের ক্লাস ও পরীক্ষায় অংশ না নিয়ে আজ ইন্টার্ন চিকিৎসকদের কর্মসূচিতে যোগ দিয়েছেন। হাসপাতালের পরিচালক আশিকুর রহমান বলেছেন, তারা আলোচনার মাধ্যমেই এই সমস্যার সমাধান করবেন।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ নারগীস)

## যে প্রক্রিয়ায় দুবাই থেকে ঢাকায় ফিরিয়ে আনা হবে বেনজীর আহমেদকে

বাংলাদেশের এক সময়ের আলোচিত পুলিশ মহাপরিদর্শক বা আইজিপি বেনজীর আহমেদ দীর্ঘদিন আত্মগোপনে থাকার পর সংযুক্ত আরব আমিরাত থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। ইন্টারপোলের সহযোগিতায় তাকে গ্রেফতার করা হয়েছে বলে রোববার বিবিসি বাংলাকে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বাংলাদেশের পুলিশ বাহিনীর গুরুত্বপূর্ণ তিনটি পদে এক দশকেরও বেশি সময় ধরে দায়িত্ব পালনের সময় নানা ঘটনায় বারবার আলোচনায় এসেছিলেন বেনজীর আহমেদ। রোববার সাবেক আইজিপি বেনজীর আহমদকে গ্রেফতারের বিষয়টি নিয়ে জাতীয় সংসদে ৩০০ বিধিতে বিবৃতিতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”এটি বাংলাদেশ পুলিশের একটি ঐতিহাসিক সাফল্য। এর মাধ্যমে আমরা বিচারহীনতার সংস্কৃতি থেকে বের হয়ে আসতে সক্ষম হবো।„ ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলে সাবেক আইজিপি বেনজীর আহমেদের বক্তৃতা ও বিবৃতিতে ক্ষমতাসীন রাজনৈতিক দলের প্রতি সমর্থনের বহিঃপ্রকাশ ছিল প্রায় নিয়মিত ঘটনা। ২০১৫ সালের জানুয়ারি থেকে ২০২০ সালের ১৪ এপ্রিল পর্যন্ত র্যাবের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছিলেন বেনজীর আহমেদ। এরপর ওই বছরের ১৫ এপ্রিল থেকে ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত আইজিপি ছিলেন তিনি। আওয়ামী লীগ সরকারের পতনের পর আদালতের এক আদেশের প্রেক্ষিতে মি. আহমেদের মালিকানাধীন সাভানা রিসোর্ট ও ন্যাচারাল পার্কের নিয়ন্ত্রণ নিয়েছিল গোপালগঞ্জের জেলা প্রশাসন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা এক আবেদনের প্রেক্ষিতে তার সম্পত্তি জব্দের নির্দেশ দিয়েছিলেন ঢাকার একটি আদালত। ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর আইজিপির পদ থেকে অবসরে গিয়েছিলেন মি. আহমেদ। এর বছর দুয়েক পরে ঢাকার একটি পত্রিকায় তার বিরুদ্ধে দুর্নীতির মাধ্যমে ব্যাপক সম্পদ অর্জনের অভিযোগ করে রিপোর্ট প্রকাশ করলে তা নিয়ে সারাদেশে তোলপাড় হয়েছিল। সেই প্রেক্ষাপটে ২০২৪ সালে দেশ ছেড়ে দুবাই চলে যান তিনি। রোববার দুবাইয়ে ইন্টারপোলের মাধ্যমে তাকে গ্রেফতারের খবর জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বেনজীর আহমেদকে অতি দ্রুতই দেশে ফেরত আনা হবে।

### অন্তর্বর্তী আমলেই রেড নোটিশ

জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার কয়েক মাস আগে বেনজীর আহমেদের বিরুদ্ধে দুর্নীতির নানা অভিযোগ ওঠে। সেগুলো নিয়ে তদন্তে নামে দুর্নীতি দমন কমিশন বা দুদক। সাবেক এই আইজিপির বিরুদ্ধে যখন দুর্নীতির অভিযোগ ওঠে, তখনই তিনি দেশ ছেড়েছিলেন। এরপর তার বিরুদ্ধে একাধিক মামলা হয়। রোববার সাবেক আইজিপি মি. আহমেদের আটকের বিষয়টি স্বরাষ্ট্রমন্ত্রী নিশ্চিত করার পর দুদকের পক্ষ থেকে একটি সংবাদ সম্মেলন করা হয়। সেখানে দুদকের জনসংযোগ কর্মকর্তা মো. আকতারুল ইসলাম জানান, সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিরুদ্ধে দুদকের দায়ের করা ছয়টি মামলা রয়েছে। এর মধ্যে একটি মামলায় চার্জশিট দেওয়া হয়েছে এবং অপর একটি মামলার বিচার চলছে। দুদক কর্মকর্তা মি. ইসলাম সংবাদ সম্মেলনে বলেন, ”জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ

অর্জনের একটি মামলায় তার বিরুদ্ধে বিচার চলছে। আর পাসপোর্ট জালিয়াতিসহ আরো পাঁচটি মামলার তদন্ত চলছে। ২০২৪ সালে শেখ হাসিনার শাসনের পতনের পর অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব নেওয়ার পর মামলাগুলোর কার্যক্রমে আরো গতি পায়। অন্তর্বর্তীকালীন সরকারের সময় ২০২৫ সালে বেনজীর আহমেদকে গ্রেফতারে ইন্টারপোলে রেড নোটিশ জারির আবেদন পাঠানো হয়। দুদক কর্মকর্তা মি. ইসলাম সংবাদ সম্মেলনে বলেন, ”আমাদের তদন্ত কর্মকর্তা আদালতের মাধ্যমে রেড নোটিশ জারির আবেদন করেছিলেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আমরা ইন্টারপোলে আবেদন করেছিলাম। তার প্রেক্ষিতে ইন্টারপোল সাবেক আইজিপি বেনজীর আহমেদকে গ্রেফতার করেছে।„

**যেভাবে গ্রেফতার হন দুবাইয়ে**

সাবেক এই আইজিপির বিরুদ্ধে যে ছয়টি মামলা ছিল, তার মধ্যে জ্ঞাত আয়-বহির্ভূত সম্পত্তি অর্জন এবং পাসপোর্ট জালিয়াতির দুইটি মামলায় ইন্টারপোলের মাধ্যমে নোটিশ পাঠানো হয়েছিল। দুদক জানিয়েছে, সাবেক আইজিপি সরকারি কর্মকর্তা থাকা অবস্থায় বিভিন্ন সময়ে সরকারি পাসপোর্ট ব্যবহার না করে জালিয়াতি করে সাধারণ ব্যক্তি হিসেবে পাসপোর্ট গ্রহণ করেছেন। এই মর্মে অভিযোগ ছিল এবং একাধিক পাসপোর্ট তিনি গ্রহণ করেছিলেন। দুদক কর্মকর্তা মো. আকতারুল ইসলাম জানান, জ্ঞাত আয়-বহির্ভূত সম্পত্তি অর্জনের যে পাঁচটি মামলা হয়েছিল সাবেক এই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে সেখানে তার তার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদের পরিমাণ ছিল ৭৬ কোটি টাকারও ওপরে। তিনি বলেন, এসব মামলায় বেনজীর আহমেদকে হাজির করতে আমরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ইন্টারপোলে আবেদন করেছিলাম। পরে দুদকের আবেদনের প্রেক্ষিতে রেড নোটিশ জারি করতে ইন্টারপোলের কাছে আবেদন করে বাংলাদেশ পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো বা এনসিবি। রোববার জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানান, বেনজীর আহমেদের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারি করা হয়েছিল। ওই রেড নোটিশের মাধ্যমে ইন্টারপোল সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে গ্রেফতারের অনুরোধ জানায়। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, গত ১২ জুন বাংলাদেশ পুলিশ দুবাই থেকে মেইল পেয়ে তার গ্রেফতারের বিষয়টি সম্পর্কে অবগত হয় বাংলাদেশ। তিনি বলেন, ”বেনজীর আহমেদের বিরুদ্ধে ফৌজদারি দণ্ডবিধির ৪২০, ৪৬৭, ৪৬৮-সহ অন্যান্য ধারা এবং বাংলাদেশ পাসপোর্ট অর্ডার ১৯৭৩-এর ১১ ধারায় মামলা বিচারাধীন রয়েছে। বর্তমানে এনসিবি ঢাকা রেড নোটিশ প্রকাশ, আন্তর্জাতিক সমন্বয় এবং গ্রেফতার পরবর্তী ফলোআপ কার্যক্রম সম্পন্ন করছে।

**দেশে ফেরানো হবে কোন প্রক্রিয়ায়?**

বেনজীর আহমেদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির পর তাকে কবে ফেরানো হবে কিংবা ঠিক কি প্রক্রিয়ায় ফেরানো হবে- সেই বিষয়গুলো সামনে আসছে। রোববার দুদকের পক্ষ থেকে যে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে, সেখানেও এই প্রশ্নটি এসেছিল সাংবাদিকদের পক্ষ থেকে। জবাবে দুদক কর্মকর্তা আকতারুল ইসলাম বলেছেন, তাকে গ্রেফতারে দুদক ইন্টারপোলের সহযোগিতা নেওয়া হয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে, একই প্রক্রিয়ায় দেশে আনার পর পরবর্তী আইনি প্রক্রিয়া ও বিচারকাজ শেষ করা হবে। তাকে দেশে ফিরিয়ে কি দুদকের কাছেও হস্তান্তর করা হবে কী-না জিজ্ঞাসাবাদে, এমন প্রশ্নও উঠেছিল সংবাদ সম্মেলনে। তবে এ নিয়ে এখনই কোনো মন্তব্য করেনি দুদক। তবে কীভাবে সাবেক এই পুলিশ কর্মকর্তাকে দেশে ফিরিয়ে আনা হবে, তার একটি প্রক্রিয়াগত ব্যাখ্যা জাতীয় সংসদে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেছেন, ”গত ১২ জুন বাংলাদেশ পুলিশ দুবাই থেকে মেইল পেয়ে বিষয়টি সম্পর্কে অবগত হয়। এনসিবি আবুধাবি জানিয়েছে যে, ইউএইএ ফেডারেল ল নাম্বার ৩৯ (২০০৬) অনুযায়ী গ্রেফতারের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে আনুষ্ঠানিক এক্সট্রাডিশন রিকোয়েস্ট (প্রত্যর্পণের আবেদন) প্রেরণ করতে হবে।„ বেনজীর আহমেদের বিরুদ্ধে ফৌজদারি দণ্ডবিধির ৪২০, ৪৬৭, ৪৬৮-সহ অন্যান্য ধারা এবং বাংলাদেশ পাসপোর্ট অর্ডার ১৯৭৩-এর ১১ ধারায় মামলা বিচারাধীন রয়েছে বলেও সংবাদ সম্মেলনে জানান স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, ”বর্তমানে এনসিবি ঢাকা রেড নোটিশ প্রকাশ, আন্তর্জাতিক সমন্বয় এবং গ্রেফতার পরবর্তী ফলোআপ কার্যক্রম সম্পন্ন করছে। দুর্নীতি দমন কমিশন (দুদক) ইতোমধ্যে প্রয়োজনীয় মামলা, গ্রেপ্তারি পরোয়ানা ও তদন্ত সংক্রান্ত দলিলাদি প্রস্তুত করেছে।„ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রত্যর্পণ প্রস্তাব অনুমোদন করে অতি দ্রুত কূটনৈতিক চ্যানেলে এনসিবি আবুধাবির কাছে পাঠানো হবে এবং তাকে দ্রুততম সময়ে দেশে ফিরিয়ে আনা হবে বলেও সংসদে জানান স্বরাষ্ট্রমন্ত্রী।

**আলোচিত সমালোচিত আইজিপি**

পুলিশের শীর্ষ পদে থাকা অবস্থায় মার্কিন নিষেধাজ্ঞায় পড়ে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছিলেন বেনজীর আহমেদ। যদিও তিনি নিষেধাজ্ঞার আওতায় ছিলেন র্যাবের সাবেক মহাপরিচালক হিসেবে 'বিচার বহির্ভূত হত্যার' মতো গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় সম্পৃক্ততার, জন্য। বেনজীর আহমেদ র্যাব-এর মহাপরিচালক থাকার সময় বহু বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের অভিযোগ উঠেছিল। কিন্তু তিনি কখনোই বিচার 'বহির্ভূত হত্যাকাণ্ড' টার্মটিকে গ্রহণ করতেন না। সাবেক এই পুলিশ কর্মকর্তার নানা বক্তব্য নিয়ে বিভিন্ন সময়ে সমালোচনাও তৈরি হয়েছিল। র্যাব-এর মহাপরিচালক হিসেবে কর্মরত থাকার ২০১৫ সালের ২৬ জানুয়ারি তিনি বলেছিলেন, বিচার-বহির্ভূত হত্যাকাণ্ড একটি সস্তা প্রচারণা।

একটি বিশেষ মহল এই প্রচারণার সঙ্গে যুক্ত। তিনি আরও বলেন, 'অপরাধীরা অপরাধ করবে আর আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তা চেয়ে চেয়ে দেখবে? আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কি অস্ত্র দেওয়া হয়েছে হাডুডু খেলার জন্য?„ বাংলাদেশের একজন সুপরিচিত চলচ্চিত্র অভিনেত্রীকে কেন্দ্র করে ঢাকার বোট ক্লাবে অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে প্রকাশ হয় যে, ওই ক্লাবের সভাপতি তখনকার আইজিপি বেনজীর আহমেদ নিজেই। ২০২১ সালের জুনে ওই ঘটনা দেশজুড়ে আলোড়ন তৈরি করে এবং ওই ক্লাবের একজন সাবেক সভাপতি পরবর্তীতে আটক হন। তারও পরে জেলে যেতে হয় ওই চিত্রনায়িকাকেও। কিন্তু ঢাকার আশুলিয়ায় বোট ক্লাবের ছবি ও এর সভাপতি হিসেবে মি. আহমেদের নাম আসার পর তা ঝড় তোলে সামাজিক মাধ্যম ও সংবাদ মাধ্যমে। এমনকি বিপুল অর্থ দিয়ে কীভাবে একজন পুলিশ কর্মকর্তা এই ধরনের ক্লাবের সদস্য হতে পারেন, তা নিয়ে প্রশ্ন ওঠে জাতীয় সংসদেও।

বিশেষ করে, একটি বাণিজ্যিক ক্লাবের সভাপতি সরকারি কর্মকর্তা হিসেবে আইজিপি থাকতে পারেন কি না, সে প্রশ্নও উঠেছিল তখন। ২০১৩ সালে ডিসেম্বরের শেষ সপ্তাহে দশম জাতীয় সংসদ নির্বাচনের আগে বিএনপির কর্মসূচিকে কেন্দ্র করে গুলশানে খালেদা জিয়ার বাসার সামনের সড়ক বন্ধ করে দিয়েছিল পুলিশ। তখন সেখানে রাস্তা আটকে রাখা হয়েছিল বালুর ট্রাক, যা রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দেয়। বিএনপি নেতারা এ ঘটনার জন্য তখনকার ডিএমপি কমিশনার বেনজীর আহমেদের তীব্র সমালোচনাও করেছিলেন। ২০১৩ সালের ৫ মে ঢাকার শাপলা চত্বরে হেফাজতে ইসলামের যে অবরোধ কর্মসূচি ছিল সে সময় ঢাকা মেট্রোপলিটন পুলিশ বা ডিএমপির কমিশনার ছিলেন মি. আহমেদ। হেফাজতে ইসলামীর বিশাল সমাবেশ ছত্রভঙ্গ করে দিয়ে তখন আলোচনায় এসেছিলেন বেনজীর আহমেদ। (বিবিসি ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## সাবেক আইজিপি বেনজীরের গ্রেফতার পুলিশের ঐতিহাসিক সাফল্য : স্বরাষ্ট্রমন্ত্রী

দুর্নীতি মামলায় অভিযুক্ত বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে গ্রেফতার হয়েছেন। গত ১২ জুন (২০২৬) আমিরাত পুলিশ তাকে গ্রেফতার করে। আজ (রোববার) জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এই তথ্য নিশ্চিত করেছেন। এ সময় সংসদ সদস্যরা টেবিল চাপড়ে এই পদক্ষেপকে সমর্থন জানান। স্বরাষ্ট্রমন্ত্রী এই গ্রেফতারকে `বাংলাদেশ পুলিশের একটি ঐতিহাসিক সাফল্য, হিসেবে অভিহিত করে বলেন, "এর মাধ্যমে আমরা বিচারহীনতার সংস্কৃতি থেকে বের হয়ে আসতে সক্ষম হব। অপরাধী যত শক্তিশালীই হোক না কেন, আইনের ঊর্ধ্বে কেউ নয়- এই বার্তাটি আমরা জাতিকে দিতে চাই। এটি দেশে আইনের শাসন প্রতিষ্ঠা এবং বাংলাদেশের ইতিহাসে একটি মাইলফলক হয়ে থাকবে।„ সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করতে ২০২৫ সালের ১১ এপ্রিল আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে একটি রেড নোটিশ জারি করা হয়েছিল। ওই রেড নোটিশের ভিত্তিতেই সংযুক্ত আরব আমিরাতের পুলিশ তাকে গ্রেফতার করে। গত ১২ জুন সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ডাইরেক্টরেট জেনারেল অফ ফেডারেল ক্রিমিনাল পুলিশ ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো (এনসিবি) আবুধাবি থেকে পাঠানো একটি ই-মেইলের মাধ্যমে বাংলাদেশ সরকারকে গ্রেফতারের বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করে। বর্তমানে তিনি সেখানে আটক রয়েছেন।

### দেশে ফিরিয়ে আনার প্রস্তুতি

সংযুক্ত আরব আমিরাতের ফেডারেল আইন অনুযায়ী, গ্রেফতারের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে আনুষ্ঠানিক প্রত্যর্পণ অনুরোধ (এক্সট্রাডিশন রিকোয়েস্ট) পাঠাতে হবে। সাবেক এই আইজিপিকে দ্রুত দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, প্রয়োজনীয় মামলা, গ্রেফতারি পরোয়ানা ও তদন্ত-সংক্রান্ত নথি প্রস্তুত করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় দ্রুত প্রত্যর্পণ প্রস্তাব অনুমোদন করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের পর পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাত কর্তৃপক্ষের কাছে কূটনৈতিক চ্যানেলে আনুষ্ঠানিক প্রত্যর্পণ অনুরোধ পাঠানো হবে। সদর দপ্তরের শাখা এনসিবি ঢাকা, ইন্টারপোল চ্যানেলের মাধ্যমে আমিরাতের রাজধানী আবুধাবি কর্তৃপক্ষের সঙ্গে সার্বিক যোগাযোগ ও সমন্বয় রক্ষা করছে। খুব দ্রুতই তাকে বাংলাদেশে নিয়ে আসা হবে।

### বেনজীর আহমেদের বিরুদ্ধে অভিযোগ ও অতীত রেকর্ড

২০২৪ সালে ছাত্র-গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার কয়েক মাস আগে বেনজীর আহমেদের বিরুদ্ধে বিপুল পরিমাণ দুর্নীতির অভিযোগ ওঠে। দুর্নীতি দমন কমিশন (দুদক) তদন্তে নামলে তিনি দেশ ছেড়ে পালিয়ে যান। পরবর্তীতে তার বিরুদ্ধে আদালতের গ্রেফতারি পরোয়ানা জারি হয়। বর্তমানে তার বিরুদ্ধে দণ্ডবিধির ৪২০, ৪৬৭, ৪৬৮, ৪৭১ ও ১০৯ ধারা, দুর্নীতি প্রতিরোধ আইনের ২৬(২) ও ২৭ ধারা এবং বাংলাদেশ পাসপোর্ট অর্ডার, ১৯৭৩-এর ১১ ধারায় মামলা ও বিচারিক কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, বেনজীর আহমেদ ২০২০ সালের ১৫ এপ্রিল থেকে ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশের আইজিপি হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে, তিনি ঢাকা

মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার ও র্যাবের মহাপরিচালক ছিলেন। মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ২০২১ সালের ডিসেম্বরে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা পাওয়া সাত র্যাব কর্মকর্তার মধ্যেও তার নাম ছিল।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### রবিবার ইরান চুক্তি স্বাক্ষরের দাবি ট্রাম্পের, ভিন্নমত তেহরানের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন , রবিবার ইরানের সঙ্গে যুদ্ধবিরতির লক্ষ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হবে। অন্যদিকে তেহরান বলছে , চুক্তিটি চূড়ান্ত হওয়ার কাছাকাছি থাকলেও , সেদিন তা স্বাক্ষরিত হবে না। শনিবার ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে , রবিবার একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার কথা রয়েছে এবং এর পরপরই হরমুজ প্রণালি খুলে দেওয়া হবে। তিনি আরও বলেন , যুক্তরাষ্ট্র ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামকে মিশ্রিত করে তেজস্ক্রিয়তার মাত্রা কমাবে এবং ইরান অথবা যুক্তরাষ্ট্রে ধ্বংস করবে। তবে যদি তা না ঘটে , তবে ওয়াশিংটনের কাছে ”চূড়ান্ত বিকল্প „ রয়েছে বলেও তিনি সতর্ক করে দেন। অ্যাক্সিওস মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে , সমঝোতা স্মারকটি সরাসরি নয় বরং ভার্চুয়ালি স্বাক্ষরিত হবে। পাকিস্তান এই আলোচনায় মধ্যস্থতা করে আসছে। প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ সামা জিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে , সংশ্লিষ্ট পক্ষগুলো ”আগের যে-কোনো সময়ের চেয়ে শান্তি চুক্তির কাছাকাছি „ রয়েছে এবং ”আগামী ২৪ ঘণ্টার মধ্যে „ দলিলটি চূড়ান্ত হবে বলে আশা করা হচ্ছে। শরিফ বলেন, ”পাকিস্তান অবিলম্বে শান্তি চুক্তির ইলেকট্রনিক স্বাক্ষরের জন্য প্রস্ত তি নিচ্ছে, যার পরে আগামী সপ্তাহে কারিগরি পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হবে। „ ট্রাম্পের মন্তব্যের আগে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই রাষ্ট্রীয় গণমাধ্যমকে বলেন , রবিবার চুক্তিটি স্বাক্ষরিত হবে না , যদিও তিনি আগামী দিনগুলোতে এটি হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেননি। তিনি বলেন , পুরো প্রক্রিয়া জুড়ে যুক্তরাষ্ট্রের অবস্থান পরিবর্তনশীল থাকায় এর ফলাফল মূল্যায়নে ইরানকে অবশ্যই সতর্ক থাকতে হবে। বাঘাই বলেন , লেবাননসহ সব রণাঙ্গনে যুদ্ধ বন্ধ করাই মূল লক্ষ্য এবং চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর ইরানের পারমাণবিক বিষয় নিয়ে আলোচনার জন্য ৬০ দিনের একটি সময় থাকবে।
(এনএইচকে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### লেবানন ইসরায়েলি হামলায় বিধ্বস্ত

ইসরায়েল জানিয়েছে, তারা লেবাননে ৭০টিরও বেশি স্থানে হামলা চালিয়েছে, যারা মার্কিন-ইরান চুক্তির অংশ নয়। ইরান-সমর্থিত সংগঠন হিজবুল্লাহর বিরুদ্ধে তাদের লড়াই অব্যাহত রেখেছে তারা। ওয়াশিংটনের দাবি, ইসরায়েল লেবাননে সামরিক অভিযান কমাক, যাতে ট্রাম্প ইরানের সঙ্গে একটি চুক্তিতে পৌঁছাতে পারেন। এই দাবি নিয়েই ইসরায়েলের সঙ্গে ট্রাম্পের সংঘাত তৈরি হয়েছে। মধ্যপ্রাচ্যের সংঘাতে একটি সমাধানের সম্ভাবনা নিয়ে বিশ্বের অনেক দেশ যখন আশাবাদী, তখন লেবাননের বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, এই চুক্তি লেবাননের যুদ্ধও থামাতে পারে, যার অর্থ দেশের দক্ষিণাঞ্চলের দখলকৃত এলাকা থেকে ইসরায়েলি সেনা প্রত্যাহার। ইসরায়েল বারবার জানিয়েছে, তারা সেনা প্রত্যাহার করবে না। শনিবার লেবাননের সেনাবাহিনী দক্ষিণের একটি গ্রামের সেনাঘাঁটি থেকে সরে যায়। কারণ ইসরায়েলি সেনারা ওই এলাকায় এগিয়ে আসছিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রনি)

### ইরান-আমেরিকা চুক্তি নিয়ে এখনও সংশয়, তেহরানে কাতারের প্রতিনিধি দল

ইরান এখনও যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি নিয়ে চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছায়নি। আলোচক দলের ঘনিষ্ঠ একটি সূত্রের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে ইরানি সংবাদ সংস্থা ফার্স। ইরানের কট্টরপন্থিরা এই চুক্তির বিরোধিতা করছেন। তাদের যুক্তি, চুক্তি হলে হরমুজ প্রণালির ওপর তেহরানের কৌশলগত সুবিধা কমে যাবে। ট্রাম্প বারবার বলেছেন, দুইপক্ষ চুক্তির কাছাকাছি পৌঁছেছে। তবে এবার ওয়াশিংটন ও তেহরান উভয়পক্ষ থেকেই প্রথমবারের মতো অন্তর্বর্তী চুক্তির পাঠ্য নিয়ে কিছুটা সমঝোতার ইতিবাচক আভাস পাওয়া গেছে। যুদ্ধ থামাতে চলমান মধ্যস্থতার অংশ হিসেবে এই অনিশ্চয়তার মধ্যেও রোববার তেহরানে পৌঁছেছে কাতারের একটি প্রতিনিধি দল। ইরানি সংবাদমাধ্যমের বরাতে রয়টার্স জানিয়েছে, প্রতিনিধি দলটি কূটনৈতিক প্রক্রিয়ার সর্বশেষ অগ্রগতি পর্যালোচনায় ইরানি কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করছে। আইএসএনএ সূত্রে জানা গেছে, এই দলের নেতৃত্বে রয়েছেন কাতারের পররাষ্ট্রমন্ত্রীর একজন উপদেষ্টা। ট্রাম্প ও পাকিস্তানি কর্মকর্তারা জানিয়েছেন, রোববারই একটি প্রাথমিক চুক্তি স্বাক্ষরিত হতে পারে, কিন্তু তেহরানের অবস্থান যথেষ্ট সতর্ক। আলোচনার কেন্দ্রে রয়েছে ইরানের পরমাণু কর্মসূচি, বিশেষত প্রায় ৬০ শতাংশ মাত্রায় সমৃদ্ধ করা আনুমানিক ৪০০ কিলোগ্রাম ইউরেনিয়াম, যা আরও সমৃদ্ধ করা হলে পরমাণু অস্ত্র তৈরির পক্ষে যথেষ্ট হতে পারে বলে যুক্তরাষ্ট্রের আশঙ্কা। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, ইউরেনিয়াম সমৃদ্ধকরণের অধিকার এবং সমৃদ্ধ মজুত বজায় রাখার বিষয়টি যে-কোনো চূড়ান্ত চুক্তিতে অন্তর্ভুক্ত করার ওপর জোর দেওয়া হবে। ওয়াশিংটন ২০ বছরের

দীর্ঘমেয়াদি স্থগিতাদেশের প্রস্তাব দিলেও তেহরান তা প্রত্যাখ্যান করেছে, আলোচনা এখন প্রায় পাঁচ বছরের একটি ছোটো মেয়াদের দিকে এগোচ্ছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রনি)

## ইসরায়েল-হিজবুল্লাহ সংঘাত তীব্র, চুক্তির পথে ইরান-যুক্তরাষ্ট্র

ইসরায়েলি বাহিনী রোববার বৈরুতে হিজবুল্লাহর স্থাপনা লক্ষ্য করে হামলা চালিয়েছে, যা ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধ থামানোর আলোচনাকে জটিল করে তুলতে পারে। নেতানিয়াহুর কার্যালয় জানিয়েছে, হিজবুল্লাহ উত্তর ইসরায়েলে তিনটি গোলা ছোড়ার জবাবে এই হামলা। বৈরুতের দক্ষিণ উপশহরে একটি পাঁচতলা ভবনের নিচের দুটি তলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এই উত্তেজনার মধ্যেই তেহরানে পৌঁছেছে কাতারের একটি মধ্যস্থতাকারী দল, চুক্তি চূড়ান্ত করার চেষ্টায়। দুই আঞ্চলিক কর্মকর্তা জানিয়েছেন, যুক্তরাষ্ট্র ও ইরান এমন একটি চুক্তির কাছাকাছি, যা সংঘাত থামাতে এবং হরমুজ প্রণালি পুনরায় খুলতে পারে। ট্রাম্প ও পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ জানিয়েছেন, রোববারই চুক্তি স্বাক্ষরিত হতে পারে, ইলেকট্রনিক পদ্ধতিতে। তবে চুক্তিতে ইরানের পরমাণু কর্মসূচি বা হিমায়িত সম্পদের মতো জটিল বিষয়গুলোর সমাধান নেই। বরং এসব নিয়ে প্রযুক্তিগত আলোচনার জন্য ৬০ দিনের একটি কাঠামো রাখা হয়েছে। আন্তর্জাতিক পরমাণু সংস্থার তথ্যানুযায়ী, ইরানের কাছে প্রায় ৪৪১ কিলোগ্রাম ৬০ শতাংশ সমৃদ্ধ ইউরেনিয়াম রয়েছে, যা অস্ত্র-মানের কাছাকাছি। ট্রাম্প জানিয়েছেন, পরিস্থিতি শান্ত হলে যুক্তরাষ্ট্র এই ইউরেনিয়াম নিষ্ক্রিয় করতে উদ্যোগ নেবে। ইসরায়েল এই চুক্তিকে নিজেদের জন্য হতাশাজনক বলছে, কারণ এতে ইরানের মিসাইল ও পরমাণু কর্মসূচি ধ্বংসের লক্ষ্য অর্জিত হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রনি)

## মোদি-ট্রাম্প বৈঠকের প্রস্তুতি, ওমান উপকূলে নাবিকের মৃত্যুতে মার্কিন নিরবতা ঘিরে বিতর্ক

আগামী সপ্তাহে ফ্রান্সের এভিয়ান-লে-বাঁ শহরে জি৭ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যে বৈঠক হতে চলেছে। মার্কিন এক কর্মকর্তার বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। ১৫ থেকে ১৭ জুন অনুষ্ঠিত এই বৈঠকে বাণিজ্য নিয়ে আলোচনা হবে। তবে, এর মধ্যদিয়ে বড়ো কোনো অগ্রগতির সম্ভাবনা নেই বলেই মনে করছেন তিনি। সম্মেলনের পর মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনার জন্য ভারতে যাবেন। মার্কিন শুল্ক এবং ভারত-পাকিস্তান সংঘাত নিয়ে ট্রাম্পের দাবি ঘিরে সম্পর্কের টানাপড়েনের মধ্যেই এই বৈঠক, যা নিয়ে ভারত আগেই আপত্তি জানিয়েছে। তবে এই বৈঠকের কয়েকদিন আগেই ওমান উপকূলে মার্কিন হামলায় তিন ভারতীয় নাবিকের মৃত্যু নিয়ে ভারত প্রতিবাদ জানায়। পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর এবং মার্কিন পররাষ্ট্র সচিব মার্কো রুবিওর মধ্যে ফোনালাপের কথা স্বীকার করলেও, ওয়াশিংটন ভারতের প্রতিবাদের কোনো উল্লেখ করেনি। মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিবৃতিতে শুধু বলা হয়েছে, সব বাণিজ্যিক জাহাজকে মার্কিন বাহিনীর নির্দেশ মানতে হবে এবং ইরানি তেল পরিবহণের ক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হবে না। এই নিরবতা নিয়ে ভারতে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিরোধী দলীয় নেতা রাহুল গান্ধী অভিযোগ করেছেন, আমেরিকার দিক থেকে কোনো অনুশোচনা বা ক্ষমা প্রকাশ করা হয়নি। বিষয়টি নিয়ে মোদীর নিরবতা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। কংগ্রেস সাংসদ শশী থারুর বলেছেন, নিহতদের প্রতি সমবেদনাহীন এই বিবৃতিতে তিনি গভীরভাবে মর্মাহত।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রনি)

# জাগো নিউজ

## পচা সবজি থেকে পচনশীল পলিথিন, সাজ্জাদুলের উদ্ভাবনে মুগ্ধ প্রধানমন্ত্রী

মৌলভীবাজারের শিক্ষার্থী ও তরুণ উদ্ভাবক সাজ্জাদুল ইসলামের উদ্ভাবনের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৪ জুন) দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রী সাজ্জাদুলের উদ্ভাবন সম্পর্কে অবগত হন। এসময় সাজ্জাদুল ইসলাম প্রধানমন্ত্রীকে জানান, তিনি পচা ও পরিত্যক্ত সবজি থেকে পচনশীল পলিথিন এবং কলাগাছের তন্তু ব্যবহার করে ঢেউটিন, টাইলস ও বোর্ড তৈরি করেছেন। দেশীয় কাঁচামাল ব্যবহার করে পরিবেশবান্ধব এসব উদ্ভাবনের প্রশংসা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি সাজ্জাদুল ইসলামের উদ্ভাবনী কাজে রাষ্ট্রীয় সহযোগিতার আশ্বাস দেন। গবেষণা কার্যক্রম অব্যাহত রাখতে তরুণ এই উদ্ভাবককে উৎসাহিত করেন প্রধানমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## সংসদে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করলেন `মায়ের ডাক,-এর সদস্যারা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন মানবাধিকার সংগঠন `মায়ের ডাক ,-এর গুম ও খুনের শিকার ভুক্তভোগী পরিবারের সদস্যরা। রোববার (১৪ জুন) সন্ধ্যায় জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষের বাইরে সাক্ষাৎ করেন তারা। এর আগে , প্রধানমন্ত্রী তারেক রহমানের আমন্ত্রণে নতুন অর্থবছরের জাতীয় বাজেট অধিবেশন প্রত্যক্ষ করেন সংগঠনটির সদস্যরা। এদিন দুপুরে জাতীয় সংসদের বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ গ্যালারিতে সংগঠনটির ২৬ জন সদস্য বাজেট অধিবেশনের কার্যক্রম সরাসরি প্রত্যক্ষ করেন। ত্রয়োদশ জাতীয় সংসদের আজকের

বাজেট অধিবেশনে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। `গণতান্ত্রিক, মানবিক ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির অভিযাত্রা, স্লোগানকে ধারণ করে এবারের প্রস্তাবিত বাজেট জাতীয় সংসদে উত্থাপিত হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## সাবেক আইজিপি বেনজীর আহমেদ গ্রেফতার

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজি) বেনজীর আহমেদ দুবাইয়ে গ্রেফতার হয়েছেন। দুর্নীতি দমন কমিশনের (দুদক) মামলায় ইন্টারপোলের সহযোগিতায় তাকে গ্রেফতার করেছে দুবাই পুলিশ। রোববার (১৪ জুন) পুলিশ সদর দপ্তরের এক ঊর্ধ্বতন কর্মকর্তা এ তথ্য নিশ্চিত করেছেন। বর্তমানে বেনজীর আহমেদ দুবাই পুলিশের হেফাজতে রয়েছেন। তাকে ফিরিয়ে আনার জন্য প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শুরু করবে দুদক। দুদক সূত্রে জানা গেছে, ২০২৪ সালের ১৫ ডিসেম্বর বেনজীর আহমেদের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জন, সম্পদের হিসাব গোপন ও অর্থ পাচারের অভিযোগে মামলা হয়। ২০২৬ সালের ৮ মার্চ ঢাকার একটি আদালত বেনজীর আহমেদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। এ সময় তাকে বিদেশে অবস্থানরত উল্লেখ করে ইন্টারপোলের মাধ্যমে পরোয়ানা কার্যকরের নির্দেশ দেওয়া হয়। এরই পরিপ্রেক্ষিতে ইন্টারপোলের সহায়তায় দুবাই পুলিশ বেনজীরকে গ্রেফতার করে। ২০২৪ সালের ৪ মে স্ত্রী ও মেয়েদের নিয়ে সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকা ত্যাগ করেন তিনি। বেনজীর আহমেদ ২০২০ সালের এপ্রিলে আইজিপির দায়িত্ব পান। ২০২১ সালের ডিসেম্বরে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে তাকে যুক্তরাষ্ট্র প্রবেশে নিষেধাজ্ঞা দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংককে ২৫০০ কোটি টাকা দিলো বাংলাদেশ ব্যাংক

তারল্য সংকট মোকাবিলায় বাংলাদেশ ব্যাংক থেকে ২ হাজার ৫০০ কোটি টাকার বিশেষ সহায়তা পেয়েছে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি। রোববার (১৪ জুন) কেন্দ্রীয় ব্যাংক এ অর্থ ছাড় করে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ব্যাংক সূত্র জানায়, ঈদের পর ইসলামী ব্যাংকের নতুন চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে সৃষ্ট অস্থিরতার মধ্যে একদল গ্রাহক `সচেতন গ্রাহক ফোরাম ,-এর ব্যানারে আন্দোলন শুরু করে। এর প্রভাবে অনেক আমানতকারী তাদের জমা অর্থ তুলে নেওয়ায় ব্যাংকটিতে তারল্য সংকট তীব্র হয়ে ওঠে। পরিস্থিতির কারণে গ্রাহকদের চাহিদা অনুযায়ী অর্থ পরিশোধে চাপের মুখে পড়ে ব্যাংকটি। একইসঙ্গে, কেন্দ্রীয় ব্যাংকে বাধ্যতামূলক নগদ জমা সংরক্ষণ (সিআরআর) বজায় রাখতেও সমস্যায় পড়ে। এ অবস্থায় গত সপ্তাহে বাংলাদেশ ব্যাংকের কাছে ১০ হাজার কোটি টাকার তারল্য সহায়তা চেয়েছিল ইসলামী ব্যাংক। এর আগে, শুক্রবার বাজেট-পরবর্তী সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোস্তাকুর রহমান ইসলামী ব্যাংককে প্রয়োজনীয় তারল্য সহায়তা দেওয়ার ইঙ্গিত দেন। তিনি বলেন, ইসলামী ব্যাংকের বর্তমান সংকট দ্রুত কাটিয়ে ওঠা সম্ভব হবে এবং আমানতকারীদের অর্থ উত্তোলনে কোনো সমস্যা হবে না। প্রয়োজন হলে কেন্দ্রীয় ব্যাংক জরুরি তারল্য সহায়তা দেবে বলেও জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ হবে, ৮০ হাজারই নারী : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, আমাদের প্রধানমন্ত্রী স্বাস্থ্য সেক্টরে বৈপ্লবিক পরিবর্তনের চিন্তা করছেন। মানুষের ঘরে ঘরে চিকিৎসাসেবা পৌঁছে দিতে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ করা হবে, যার মধ্যে ৮০ হাজারই হবে নারী। রোববার (১৪ জুন) দুপুরে নারায়ণগঞ্জ জেনারেল (ভিক্টোরিয়া) হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এদিন ওই হাসপাতাল থেকে নারায়ণগঞ্জসহ দেশের মোট ১০টি জেলায় নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) উদ্‌বোধন করা হয়। স্বাস্থ্যমন্ত্রী বলেন, ঘরে ঘরে মেশিন নিয়ে গিয়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া হবে। সারা বাংলাদেশে ১৫০০ বেড করে দুইটি স্পেশালাইজড হাসপাতাল হবে শুধু মেয়েদের জন্য। এই দুইটি হাসপাতালে কিডনি ডায়ালাইসিস, মেয়েদের ব্রেস্ট ক্যান্সার ও ইউরিনারি ক্যান্সার, পঙ্গুত্বের ইউনিট ও ডেলিভারি ইউনিট থাকবে। আবার সারা বাংলাদেশে ১০০০ হাজার বেডের ২০টি হাসপাতাল হবে। যেখানে ৫টি করে অত্যাধুনিক অ্যাম্বুলেন্স দেওয়া হবে এবং ৪টি হেলিকপ্টার থাকবে, যাতে করে সারা বাংলাদেশ ইমার্জেন্সি রোগীদেরকে সেন্ট্রাল হাসপাতালে নিয়ে যেতে পারে। স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, আমাদের ক্ষমতা নেওয়ার পর হাম আক্রমণ করে। বিগত স্বৈরাচার সরকার এবং অদক্ষ তত্ত্বাবধায়ক সরকার দেশের টিকা কার্যক্রম পর্যাপ্ত স্টক রেখে যায়নি। ভিটামিন ট্যাবলেট, জলাতঙ্ক রোগের ভ্যাকসিন ছিল না। আমরা একটি বিপর্যস্ত রাজনৈতিক এবং স্বাস্থ্যগত পরিস্থিতির মধ্যে ক্ষমতা গ্রহণ করি। আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান আমাদের পথপ্রদর্শক। উনার সুদক্ষ নেতৃত্বে আমরা ভয়ের পরিবর্তে সাহস নিয়ে এগিয়ে গিয়েছি। তার নেতৃত্বে আমরা পর্যাপ্ত পরিমাণে হামের ভ্যাকসিন সংগ্রহ করতে সক্ষম হয়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## গণমাধ্যমের বড়ো অংশ ব্যবসায়িক গোষ্ঠীর প্রতিনিধিতে পরিণত হয়েছে

দেশের গণমাধ্যমের একটি বড়ো অংশ এখন ব্যবসায়িক গোষ্ঠীর প্রতিনিধিতে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার (১৪ জুন) জাতীয় প্রেস ক্লাবে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত `গণমাধ্যম ও শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সভায় মির্জা ফখরুল শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জীবন, রাষ্ট্রদর্শন ও রাজনৈতিক চিন্তাধারা নিয়ে আরও ব্যাপক গবেষণার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। এর আগে, জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে আলোকচিত্র প্রদর্শনী হয়। অনুষ্ঠানের শুরুতে নিজের শারীরিক অবস্থার কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, গতকাল রাতে আমার জ্বর হয়েছিল, তা এখনো পুরোপুরি কাটিয়ে উঠতে পারিনি। তবুও আপনাদের দেখতে ভালো লাগে। বয়সের কারণে নয়, মনের টান থেকেই এ খানে এসেছি। গণমাধ্যমের বর্তমান অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, মিডিয়ার সবচেয়ে বড়ো সমস্যা হলো, মিডিয়া এখন আর শুধু মিডিয়া নেই। অনেক ক্ষেত্রেই তা বিজনেস হাউজের প্রতিনিধি হয়ে গেছে। চাটুকারিতা কাকে বলে, তা সাম্প্রতিক সময়ের কিছু গণমাধ্যমের আচরণ দেখলেই বো ঝা যায়। আমরা আশা করি, সাংবাদিক সমাজ স্বাধীনভাবে তাদের দায়িত্ব পালন করবে। জিয়াউর রহমানকে নিয়ে গবেষণার ঘাটতির কথা তুলে ধরে বিএনপি মহাসচিব বলেন, জিয়াউর রহমান সম্পর্কে যতটা গবেষণা হওয়া উচিত ছিল, তা হয়নি। এটি ইতিহাসের প্রতিই এক ধরনের অবিচার। তরুণ গবেষকদের এ বিষয়ে এগিয়ে আসতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## প্রাথমিক শিক্ষকদের এখন থেকে বদলি করবে স্থানীয় প্রশাসন: ববি হাজ্জাজ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি এখন থেকে স্থানীয় প্রশাসন করবে। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে গঠিত কমিটির কাছে শিক্ষকরা আবেদন জমা দেবেন। তারা প্রতিমাসে একবার সভা করে বদলি অনুমোদন দেবেন কি না, সেই সিদ্ধান্ত নেবেন। প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ এ তথ্য জানিয়েছেন। রোববার (১৪ জুন) রাজধানীর শেরাটন হোটেলে ইউনিসেফ আয়োজিত এক কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব ক থা বলেন। ববি হাজ্জাজ বলেন, শিক্ষকদের বদলি ঘিরে বিগত দিনে বড়ো একটা সিন্ডিকেট বা করাপশনের (দুর্নীতি) জায়গা তৈরি হয়েছিল। প্রধানমন্ত্রী তারেক রহমান নিজে এটাতে নজর দিয়েছেন। আমাদের মন্ত্রী (ড. আ ন ম এহছানুল হক মিলন) এখানে আছেন, আমরা সবাই মিলে নতুন পলিসি গ্রহণ করে ছি যে, প্রাথমিকে...মাধ্যমিকেও; কিন্তু শুধু প্রাথমিক নিয়ে কথা বলবো। প্রাথমিকে টিচার্স ট্রান্সফার (শিক্ষক বদলি) এটা লোকালাইজ (স্থানীয়) করে দেওয়া হবে। তিন পর্যায়ে বদলির জন্য পৃথক কমিটি করার কথা জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, লোকাল টিম গঠন করা হয়েছে। উপজেলা পর্যায়ে ইউএনও,র নেতৃত্বে সেখানে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার থাকবেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার থাকবেন। এরকম চারজন সদস্য ঠিক করে দেওয়া হয়েছে। তারা মাসে একবার বসবেন। ওই মাসে যতগুলো রিকুয়েস্ট (আবেদন) আসবে, সেগুলো রিভিউ করে তারা সিদ্ধান্ত নেবেন যে, ট্রান্সফার অ্যালাউ (বদলি অনুমোদন) করবেন, কি করবেন না। `সেইম (একই) জিনিসটা ডিসির অধীনে জেলা পর্যায়েও করা হয়েছে। বিভাগীয় কমিশনারের আন্ডারে (অধীন) ডিভিশন লেভেলে (বিভাগীয় পর্যায়ে করা হয়েছে। এটা করে করাপশনের (দুর্নীতি) সব জায়গাগুলোকে আমরা বন্ধ করে দিতে চাই, যোগ করেন ববি হাজ্জাজ।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## শহিদ আবু সাঈদ হত্যা মামলা: ট্রাইব্যুনালের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

২০২৪ সালের জুলাই গণ -অভ্যুত্থানের প্রথম শহিদ আবু সাঈদ হত্যা মামলায় দেওয়া আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ৮০৯ পৃষ্ঠার পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়েছে। রোববার (১৪ জুন) ট্রাইব্যুনাল সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। এর আগে, গত ৯ এপ্রিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -২ আবু সাঈদ হত্যা মামলায় দুই আসামিকে মৃত্যুদণ্ড, তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং বাকি ২৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- পুলিশের সাবেক সহকারী উপ -পরিদর্শক (এএসআই) আমির হোসেন এবং সাবেক কনস্টেবল সুজন চন্দ্র রায়। তারা বর্তমানে কারাগারে রয়েছেন। যাবজ্জীবন দণ্ডপ্রাপ্তরা হলেন - পুলিশের সাবেক সহকারী কমিশনার মো . আরিফুজ্জামান, সাবেক পরিদর্শক (নিরস্ত্র) রবিউল ইসলাম এবং সাবেক উপ -পরিদর্শক (নিরস্ত্র) বিভূতি ভূষণ রায়। তারা পলাতক রয়েছেন। বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনাল এই রায় ঘোষণা করেন। বিচারিক প্যানেলের অন্য সদস্যরা হলেন - বিচারপতি মঞ্জুরুল বাছিদ ও বিচারপতি নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। মামলায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) সাবেক উপাচার্য মো . হাসিবুর রশীদ ওরফে বাচ্চুকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। একই সাজা পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সাবেক সহযোগী অধ্যাপক মো . মশিউর রহমান, লোকপ্রশাসন বিভাগের সাবেক সহযোগী অধ্যাপক আসাদুজ্জামান মণ্ডল, রংপুর মহানগর পুলিশের (আরপিএমপি) সাবেক কমিশনার মো . মনিরুজ্জামান ওরফে বেল্টু এবং বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি পোমেল

বড়ুয়া। বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর শরিফুল ইসলামকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়া , সাবেক সহকারী রেজিস্ট্রার রাফিউল হাসান রাসে ল, সাবেক অফিস সহকারী কাম -কম্পিউটার অপারেটর মো . মাহাবুবার রহমান, আরপিএমপির সাবেক উপ -কমিশনার মো. আবু মারুফ হোসেন , সাবেক অতিরিক্ত উপ -কমিশনার মো. শাহ নূর আলম পাটোয়ারী, চিকিৎসক মো. সরোয়ার হোসেন (চন্দন) এবং ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো . মাসুদুল হাসানও পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড পেয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## দেশে নতুন ৬৭০ স্কুল-কলেজ স্থাপন করবে সরকার

দেশের বিভিন্ন জেলা -উপজেলায় ৬৭০টি নতুন মাধ্যমিক পর্যায়ের স্কুল , কলেজ এবং ক্যাডেট কলেজ স্থাপন করা হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন , মাধ্যমিক পর্যায়ে নতুন স্কুল , কলেজ ও ক্যাডেট কলেজ স্থাপনের পরিকল্পনা রয়েছে। এর অংশ হিসেবে ৬৭০টি নতুন স্কুল ও কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে , যা দেশের শিক্ষাখাতে একটি বড়ো কর্মসূচি। রোববার (১৪ জুন) দুপুরে রাজধানীর শেরাটন হোটেলে ইউনিসেফ আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে মন্ত্রী বলেন , পরিসংখ্যানে অংশগ্রহণ কমে যাওয়ার কথা বলা হলেও , বাস্তবে গ্রামাঞ্চলে নারীদের উপস্থিতি ছেলেদের তুলনায় বেশি দেখা যায়। সাবে ক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সময় `ফুড ফর এডুকেশন, কর্মসূচি চালুর মাধ্যমে এ অগ্রযাত্রার সূচনা হয়েছিল। পরে তা নগদ সহায়তা ও উপবৃত্তি কর্মসূচিতে রূপান্তরিত হয়। তিনি বলেন, নারীদের জন্য উপবৃত্তি চালুর ফলে শিক্ষায় তাদের অংশগ্রহণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। পরবর্তীতে এ সুবিধা উচ্চমাধ্যমিক পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে এবং ধীরে ধীরে ডিগ্রি পর্যায়েও নেওয়া হচ্ছে। ভবিষ্যতে ছেলে ও নারী উভয়ের জন্য এ ধরনের সহায়তা চালুর পরিকল্পনা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## খুলনায় মসজিদে ঢুকে গুলি, দুইজন গুলিবিদ্ধ

খুলনায় মসজিদে সন্ত্রাসীদের গুলিতে দুই দুইজন গুলিবিদ্ধ হয়েছেন। রোববার (১৪ জুন) ভোর সাড়ে ৫টার দিকে মহানগরীর দৌলতপুর থানাধীন পশ্চিম কাশিপুর বিদ্যুৎকেন্দ্র জামে মসজিদে ফজরের নামাজ চলাকালে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধরা হলেন- মসজিদ কমিটির সেক্রেটারি লোকমান হাকিম (৪৫) এবং আলম মন্ডল (৫৫)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, লোকমান হাকিম উত্তর কাশিপুর এলাকার মৃত জব্বার শেখের ছেলে এবং আলম মন্ডল একই এলাকার মৃত আব্দুল খালেকের ছেলে। ফজরের নামাজ আদায়ের সময় কয়েকজন সন্ত্রাসী মসজিদে প্রবেশ করে লোকমান হাকিমকে লক্ষ্য করে গুলি ছোড়ে। এসময় পাশে থাকা মুসল্লি আলম মন্ডলও গুলিবিদ্ধ হন। গুলিতে লোকমানের মাথায় আঘাত লাগে এবং তিনি গুরুতর আহত হন। তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়েছে। অপরদিকে আলম মন্ডলের মাথা , গলার বাম পাশ এবং ডান হাতের বাহুতে গুলি লাগে বলে জানা গেছে। তাকে দ্রু ত উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে সে আশঙ্কামুক্ত বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। খুলনা মেট্রোপলিটন পুলিশের (কেএমপি) সহকারী কমিশনার মো . আব্দুর রাজ্জাক বলেন , ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। বিস্তা রিত পরে জানানো হবে। হামলার কারণ ও জড়িতদের শনাক্ত করতে পুলিশ তদন্ত শুরু করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকের সামনে আজও গ্রাহকদের অবস্থান, সাত দাবিতে অনড়

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিকে ঘিরে চলমান আন্দোলনের অংশ হিসেবে রোববারও রাজধানীর মতিঝিলে ব্যাংকটির প্রধান কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন আমানতকারী ও গ্রাহকেরা। কর্মসূচি থেকে তারা সাত দফা দাবি পুনর্ব্যক্ত করেন এবং এসব দাবির বিষয়ে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের কাছে স্মারকলিপি দেওয়ার ঘোষণা দেন। রোববার (১৪ জুন) সকাল ১০টার দিকে মতিঝিলের দিলকুশায় ইসলামী ব্যাংক টাওয়ারের সামনে `ইসলামী ব্যাংক সচেতন গ্রাহক ফোরাম ,-এর ব্যানারে এ কর্মসূচি শুরু হয়। এতে শতাধিক আমানতকারী ও গ্রাহক অংশ নেন। কর্মসূচিতে অংশ নেওয়া ইসলামী ব্যাংকের নিউমার্কেট শাখার আমানতকারী ইয়াসির বলেন , দেশের অন্যতম বৃহৎ ব্যাংক হিসেবে ইসলামী ব্যাংকের স্থিতিশীলতা শুধু গ্রাহকদের নয় , সামগ্রিক অর্থনীতির জন্যও গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন ধরে তিনি ব্যাংকটির সঙ্গে লেনদেন করছেন উল্লেখ করে বলেন , যে-কোনো ধরনের অনিয়ম , দুর্নীতি ও লুটপাট থেকে ব্যাংকটিকে রক্ষা করা গ্রাহকদেরও দায়িত্ব। আরেক আমানতকারী জয়নাল বলেন , শরিয়াহভিত্তিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার কারণে দীর্ঘদিন ধরে বিপুলসংখ্যক গ্রাহক ইসলামী ব্যাংকের ওপর আস্থা রেখেছে। ব্যাংকের কোনো ক্ষতি হলে আমানতকারীদের স্বার্থও ক্ষতিগ্রস্ত হবে। তাই আমানতের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে এ কর্মসূচিতে অংশ নেওয়া। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## বিজিবির গুলিতে ভারতীয় চোরাকারবারি আহত

মৌলভীবাজারের বড়লেখা সীমান্ত এলাকায় টহলরত বিজিবি সদস্যদের ওপর হামলার চেষ্টাকালে বিজিবির ছোড়া গুলিতে ভারতীয় এক চোরাকারবারি আহত হয়েছে। শনিবার (১৩ জুন) রাত ১০টার দিকে বড়লেখা সীমান্ত এলাকায় এই ঘটনা ঘটে। তবে আহত ব্যক্তির নাম পরিচয় জানা যায়নি। বিয়ানীবাজার ব্যাটালিয়নের (৫২ বিজিবি) অধিনায়ক লে. কর্নেল মো. আতাউর রহমান সুজন এই তথ্য নিশ্চিত করেছেন। বিজিবি জানায়, শনিবার রাতে বিয়ানীবাজার (৫২ বিজিবি) ব্যাটালিয়নের একটি টহল দল বড়লেখা সীমান্ত এলাকা য় টহল দিচ্ছিল। এসময় বিজিবির টহল দল দুইজন সন্দেহভাজন ভারতীয় চোরাকারবারিকে চ্যালেঞ্জ করলে তারা বিজিবি সদস্যদের ওপর ধারালো অস্ত্র নিয়ে আক্রমণের চেষ্টা চালায়। আত্মরক্ষার্থে ও পরিস্থিতি নিয়ন্ত্রণে বিজিবি সদস্যরা গুলি ছুড়লে একজন চোরাকারবারি আহত হয়। পরে আহত ব্যক্তিসহ অন্য চোরাকারবারি দ্রুত ভারতের অভ্যন্তরে পালিয়ে যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ঘরে ঢুকে মা-মেয়েকে কুপিয়ে হত্যা

চট্টগ্রামের আনোয়ারা উপজেলায় ঘরে ঢুকে মা ও মেয়েকে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় পাঁচ বছর বয়সি এক শিশুও গুরুতর আহত হ য়েছে। শনিবার (১৩ জুন) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার পরৈকোড়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চেনামতি বড়ুয়া পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত দু -জন হলেন, এনি বড়ুয়া (৪০) ও তার মেয়ে প্রিয়ন্তী বড়ুয়া (১৬)। আহত শিশুটির নাম পিয়াস বড়ুয়া (৫)। তাদের বাড়ি চেনামতি বড়ুয়া পাড়া বৌদ্ধবি হার মন্দির সংলগ্ন এলাকায়। জানা গেছে, পরিবারের কর্তা ব্যক্তি সুজন বড়ুয়া। তিনি চট্টগ্রাম নগরের খাতুনগঞ্জ এলাকায় একটি আবাসিক ভবনে নিরাপত্তাকর্মী হিসেবে কর্মরত। প্রতিবেশী সুরভী বড়ুয়া জানান, রাতে চিৎকার শুনে আশপাশের লোকজন ঘটনাস্থলে ছুটে যান। গিয়ে দেখা যায়, ঘরের দরজার সামনে এনি বড়ুয়া ও তার ছেলে পিয়াস রক্তাক্ত অবস্থায় পড়ে আছে। ঘরের ভেতরে পাওয়া যায় প্রিয়ন্তী বড়ুয়ার রক্তাক্ত দেহ। স্থানীয় লোকজন আহতদের উদ্ধার করে হাসপাতালে নেওয়ার উদ্যোগ নিলে ঘটনাস্থলেই এনি বড়ুয়ার মৃত্যু হয়। আহত পিয়াসকে উদ্ধার করে আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। নিহত এনি বড়ুয়ার স্বামী সুজন বড়ুয়া দাবি করেছেন, প্রতিবেশী লিমন বড়ুয়া তেজপ্রিয়র সঙ্গে তার আর্থিক লেনদেন ছিল। তার ধারণা, ওই লেনদেন সংক্রান্ত কাগজপত্রের খোঁজে বাড়িতে এসে হামলার ঘটনা হতে পারে। সুজন বড়ুয়া বলেন, আমি শহরে ছিলাম। রাতে বড়ো ভাইয়ের ফোন পেয়ে বাড়িতে এসে দেখি সব শেষ হয়ে গেছে। তিনি আরও দাবি করেন, মৃত্যুর আগে তার স্ত্রী হামলাকারী হিসেবে লিমন বড়ুয়া তেজপ্রিয়র নাম উল্লেখ করেছিলেন। আনোয়ারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জুনায়েত চৌধুরী বলেন, দুর্বৃত্তদের হামলায় মা ও মেয়ে নিহত হয়েছেন এবং এক শিশু আহত হয়েছে। নিহতদের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## `পুশ-ইন, ইস্যুতে দিল্লিকে তাগিদ দেওয়ার আহ্বান আলালের

বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল সীমান্ত পরিস্থিতি নিয়ে বলেছেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্ক হতে হবে জাতীয় স্বার্থ ও মর্যাদাকে অগ্রাধিকার দিয়ে। তিনি বলেন, সবার আগে বাংলাদেশ। দেশের সম্মান ও জাতীয় স্বার্থ অক্ষুণ্ণ রেখেই অন্য দেশের সঙ্গে বন্ধুত্ব হবে। রোববার (১৪ জুন) রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে মুক্তিযোদ্ধা দলের আয়োজনে এক প্রতিবাদ সমাবেশে তিনি এসব কথা বলেন। আলাল বলেন, বাংলাদেশের মানুষ অতিথিপরায়ণ। কেউ এ দেশে এলে তাকে বরণ করে নেওয়া হয়। তবে কেউ যদি দীর্ঘদিন থাকতে চায়, তাহলে তাকে বিদায় করার উপায়ও এ দেশের মানুষ জানে। তিনি বলেন, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে ভারতের সহযোগিতা বাংলাদেশের মানুষ স্বীকার করে। তবে ভিয়েতনাম ও আফগানিস্তানের উদাহরণ টেনে তিনি বলেন, সেখানে যুক্তরাষ্ট্র, সোভিয়েত ইউনিয়ন ও রাশিয়া টিকে থাকতে পারেনি। তার ভাষ্য, ”বাংলাদেশে ঢোকা অত্যন্ত সহজ, বাংলাদেশ থেকে বের হওয়ার চেয়ে কষ্টকর। সীমান্তে `পুশ-ইন, প্রসঙ্গে আলাল বলেন, এ বিষয়ে যদি এত আগ্রহ থাকে, তাহলে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে পাঠিয়ে দেওয়া যেতে পারে, কারণ তার বাড়ি বরিশালে। তাকে সম্মানের সঙ্গে আতিথ্য দেওয়া হবে। আমরা আপনাদের মতো আচরণ করি না। তিনি অভিযোগ করেন, ভারতে ধর্মের নামে বিভাজন সৃষ্টি করা হচ্ছে এবং সংখ্যালঘু মুসলমানদের ওপর অত্যাচার চালানো হচ্ছে, যা সারা বিশ্বে নিন্দিত হচ্ছে। তিনি এ ধরনের তৎপরতা বন্ধের আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## প্রাথমিকে সংগীত শিক্ষক নিয়োগে মন্ত্রিপরিষদের সম্মতি নেই

প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগে মন্ত্রিপরিষদ অসম্মতি দিয়েছে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। রোববার (১৪ জুন) জাতীয় সংসদের অধিবেশনে এ বিষয়ে শিক্ষামন্ত্রীর কাছে জানতে চান জামায়াতের সংসদ সদস্য মো . নূরুল ইসলাম। তিনি বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা-২০২৫ অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়গুলোতে সহকারী শিক্ষক সংগীত পদটি সৃষ্টি করা হয়েছে; তার

বর্তমান অবস্থা কী ? লিখিত উত্তরে শিক্ষামন্ত্রী জাতীয় সংসদকে জানান , প্রাথমিক বিদ্যালয়ে সংগীত বিষয়ের শিক্ষক পদটি সৃজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অসম্মতি প্রদান করা হয়েছে। গত কয়েকমাস ধরে সংগীত শিক্ষক নিয়োগ প্রশ্নে বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক দল ভিন্ন ভিন্ন দাবি ও অবস্থান জানিয়ে আসছে। প্রাথমিক ও মাধ্যমিক স্তরে সংগীত শিক্ষা চালুর সিদ্ধান্তের সমালোচনা করে ধর্মীয় শিক্ষক নিয়োগের দাবি জানিয়েছে হেফাজতে ইসলাম বাংলাদেশ। সংগঠনটির দাবি, ধর্মপ্রাণ মুসলিম অভিভাবকদের মতামত উপেক্ষা করে সংগীত শিক্ষা চালু করা হলে তা মুসলিম শিক্ষার্থীদের ধর্মীয় স্বাধীনতা খর্ব করবে। অন্তর্বর্তী সরকারের সময় ২০২৫ সালের ২৮ আগস্ট সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫-এর প্রজ্ঞাপন জারি করা হয়। এতে অন্যান্য বিষয়ের সঙ্গে সংগীত ও শারীরিক শিক্ষা বিষয়ে সহকারী শিক্ষক নিয়োগের সুযোগ রাখা হয়েছিল। ধর্মভিত্তিক রাজনৈতিক দলগুলোর আন্দোলনের মুখে গত নভেম্বরে বিধিমালা সংশোধন করে অন্তর্বর্তী সরকার। তাতে শুধুমাত্র প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগের কথা বলা হয়। সংগীত ও শারীরিক শিক্ষা বিষয়ে শিক্ষক নিয়োগের সুযোগ তখন বিধিমালা থেকে বাদ দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## সীমান্ত হত্যা ও `পুশ-ইন, নিয়ে আলোচনা স্থগিতে সংসদে ক্ষোভ জামায়াত এমপির

ভারত সীমান্তে অবৈধ `পুশ-ইন, এবং বিএসএফ কর্তৃক সীমান্ত হত্যা নিয়ে জাতীয় সংসদে নির্ধারিত বিশেষ আলোচনা স্থগিত করায় তীব্র ক্ষোভ ও সমালোচনা করেছেন ঢাকা -১৪ আসনের জামায়াতের সংসদ সদস্য মীর আহমাদ বিন কাসেম আরমান। বাজেট অধিবেশনের ব্যস্ততা ও সময়ের সীমাবদ্ধতার কারণে নির্ধারিত আলোচনাটি সাময়িক স্থগিত করা হয়েছে জানিয়ে ডেপুটি স্পিকার কায়সার কামাল বলেন , দ্রুতই স্থগিতাদেশ প্রত্যাহার করে এর ওপর আলোচনা হবে। রোববার (১৪ জুন) বিকেলে সংসদের অধিবেশন শুরু হলে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে ক্ষোভ প্রকাশ করেন জামায়াতের এই এমপি। এ সময় মীর আহমাদ বিন কাসেম আরমান ডেপুটি স্পিকারের উদ্দেশ্যে জানান , দেশের সার্বভৌমত্ব, নাগরিক নিরাপত্তা ও মানবাধিকার রক্ষার স্বার্থে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) অবৈধ `পুশ-ইন, ও সীমান্ত হত্যা এবং পশ্চিমবঙ্গ সরকারের প্রকাশ্যে ঘোষিত `পুশ-ইন, তৎপরতা বন্ধে কার্যকর পদক্ষেপ ও কূটনৈতিক ব্যবস্থা গ্রহণের দাবিতে কার্যপ্রণালি বিধির ১৪৭ ধারা অনুযায়ী তিনি একটি সাধারণ প্রস্তাবের নোটিশ দিয়েছিলেন। সংসদের মুলতবি শাখা থেকে চিঠি দিয়ে তাকে জানানো হয়েছিল যে , আজ রোববার বিষয়টি আলোচনার জন্য গৃহীত হয়েছে এবং এর অনুলিপি স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। তিনি জানান, গত বৃহস্পতিবারের অধিবেশন মুলতবি হওয়ার পর রোববারের মূল কার্যসূচিতেও বিষয়টি অন্তর্ভুক্ত ছিল। কিন্তু আজ সকালে দেওয়া নতুন কার্যসূচি থেকে রহস্যজনকভাবে বিষয়টি বাদ দেওয়া হয় এবং মুলতবি শাখা থেকে তাকে জানানো হয় , অনিবার্য কারণবশত প্রস্তাবটি স্থগিত করা হয়েছে। সংসদে ক্ষোভ উগরে দিয়ে জামায়াতের এ সংসদ সদস্য প্রশ্ন তোলেন , জনগণের রক্তের চেয়ে আর কী গুরুত্ব থাকতে পারে যে , এত বড়ো একটি জনগুরুত্বপূর্ণ বিষয় , যা কোনো দলীয় এজেন্ডা নয়, তাকে অনিবার্য কারণবশত স্থগিত করতে হলো। একইসঙ্গে এটি পরে কবে আলোচনার জন্য নির্ধারিত হবে, সেই সুনির্দিষ্ট তারিখও জানতে চান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গে মৃত্যু ৬৫০ ছাড়ালো

দেশে হাম-সংক্রান্ত রোগে আরও চার শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৫২ জনে। রোববার (১৪ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয় , শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হাম রোগে মৃত্যু হয়েছে চারজনের। অধিদপ্তরের তথ্য অনুযায়ী , ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ৯২ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৫৬০ জন। সব মিলিয়ে হাম-সংক্রান্ত রোগে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৫২ জনে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## মানহানির মামলায় জামিন পেলেন এমপি আমির হামজা

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুকে নিয়ে মানহানিকর মন্তব্যের অভিযোগে করা মামলায় জামিন পেয়েছেন কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজা। রোববার (১৪ জুন) বিকেল ৩টার দিকে সিরাজগঞ্জের চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জামিন চেয়ে আবেদন করলে বিচারক সুমন কুমার কর্মকার শুনানি শেষে তার জামিন মঞ্জুর করেন। আমির হামজার আইনজীবী আবু তালেব বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান , ওই মানহানি মামলায় গত ২৭ এপ্রিল বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত একটি হাইকোর্ট বেঞ্চ আমির হামজাকে আগাম জামিন দেন। আইনের প্রতি শ্রদ্ধাশীল হয়ে আজ আদালতে আত্মসমর্পণ করলে শুনানি শেষে বিচারক তাকে একই ঘটনায় সিরাজগঞ্জে দায়ের করা দুটি মামলার জামিন মঞ্জুর করেন। মামলার বাদী সিরাজগঞ্জ আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক হুমায়ূন কবীর জাগো নিউজকে বলেন, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান হাসান মাহমুদ একজন সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি

সিরাজগঞ্জের বিভিন্ন মসজিদ , মাদ্রাসা ও কবরস্থানের উন্নয়নের সঙ্গে জড়িত। গত ২৬ মার্চ সিরাজগঞ্জ শিল্পকলা অ্যাকাডেমি অডিটোরিয়ামে জেলা প্রশাসন আয়োজিত মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন। তার ওই বক্তব্যকে কেন্দ্র করে আমির হামজা জ্বালানি মন্ত্রীকে `আপাদমস্তক নাস্তিক ও ইসলামবিদ্বেষী, বলে তার সম্মান নষ্ট করেছেন। এতে জাতীয়তাবাদী চেতনায় বিশ্বাসী মানুষের আবেগ ও মর্যাদাকে আঘাত করেছে। তাই আইনি প্রতিকার চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছি। এ ঘটনায় আরও একটি মামলা ছিল। শুনানি শেষে আজ আদালত পৃথক দুটি মামলার জামিন দিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## এইচএসসি পরীক্ষায়ও থাকছে সিসিটিভি, আইডি-পাসওয়ার্ড পাঠাতে নির্দেশ

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে আগামী ২ জুলাই। এসএসসি ও সমমান পরীক্ষার মতো এইচএসসি পরীক্ষার কেন্দ্রেও সিসিটিভি ক্যামেরা বসানো হবে কি না , তা নিয়ে ধোঁয়াশা তৈ রি হয়েছিল। বিশেষ করে গত ১ জুন সিসিটিভি ক্যামেরা-সংক্রান্ত তথ্য চেয়েও পরদিন ২ জুন তা স্থগিত করা হয়েছিল। অবশেষে এইচএসসি ও সমমান পরীক্ষায়ও সিসিটিভি ক্যামেরা বসানো ও তা দিয়ে নজরদারির সিদ্ধান্ত চূড়ান্ত করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। রোববার (১৪ জুন) ঢাকা বোর্ডের ওয়েবসাইটে এ সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়েছে। এতে বলা হয়, এইচএসসি পরীক্ষা ২০২৬ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রসমূহের সিসিটিভির ডিভিআর/এনভিআর (DVR/NVR)-এর সঙ্গে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ চালু রাখা প্রয়োজন। এ কারণে কিছু তথ্য আগামী ২১ জুনের মধ্যে dhakaboardcontroller@gmail.com মেইলে সবাইকে পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্দেশনায় মূলত দুটি বিষয় উল্লেখ করা হয়েছে , মেইলের মাধ্যমে সিসিটিভি ক্যামেরার আইডি ও পাসওয়ার্ড (ক্যামেরা ব্র্যান্ড, ডিভাইস সিরিয়াল নাম্বারসহ) পাঠানো। প্রেরিত মেইলের Subject এর নাম : CCTV EIIN Number (উদাহরণ : CCTV 888888 {এখানে নিজ নিজ প্রতিষ্ঠানের EIIN Nnmber ব্যবহার করতে হবে}। বিষয়টি অতীব জরুরি বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## অ্যান্টি-বায়োটিকের অযৌক্তিক ব্যবহার রোধে সম্মিলিত উদ্যোগ জরুরি

মানুষ ও প্রাণীর স্বাস্থ্যের জন্য অ্যান্টি -বায়োটিকের অযৌক্তিক ব্যবহারের প্রবণতা রোধে সম্মিলিত উদ্যোগ জরুরি বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। তিনি বলেন , দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা বর্তমান সরকারের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অগ্রাধিকার। রোববার (১৪ জুন) রাজধানীর একটি হোটেলে `ভেটেরিনারি অ্যান্টি-মাইক্রোবিয়াল স্টুয়ার্ডশিপ গাইডলাইন (ভিএজি) বাস্তবায়ন, বিষয়ক সচেতনতামূলক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রা ণিসম্পদ অধিদপ্তর এবং অ্যান্টি -মাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স মাল্টি -পার্টনার ট্রাস্ট ফান্ড (এএমআরএমপিটিই) প্রকল্পের সহযোগিতায় এ কর্মশালার আয়োজন করা হয়। প্রতিমন্ত্রী বলেন , অ্যান্টি-বায়োটিকের অপ্রয়োজনীয় ব্যবহার মানবদেহে রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয় , যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকি সৃষ্টি করতে পারে। একইভাবে প্রাণিসম্পদ খাতেও এর অপব্যবহার দীর্ঘমেয়াদে ক্ষতিকর প্রভাব ফেলে। সুলতান সালাউদ্দিন টুকু আরও বলেন, প্রান্তিক খামারিদের অনেকেই তাৎক্ষণিকভাবে রোগ নিরাময়ের আশায় অ্যান্টিবায়োটিক ব্যবহার করেন, যদিও এর দীর্ঘ মেয়াদি ক্ষতিকর দিক সম্পর্কে তারা যথেষ্ট সচেতন নন। ফলে সচেতনতার ঘাটতি একটি বড়ো চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে সড়ক-ফুটপাত দখল করে বসানো ২০০ দোকান উচ্ছেদ

চট্টগ্রাম নগরে সড়ক ও ফুটপাত দখল করে গড়ে ওঠা প্রায় ২০০ অবৈধ দোকান উচ্ছেদ করেছে সিটি করপোরেশনের (চসিক) ভ্রাম্যমাণ আদালত। রোববার (১৪ জুন) নগরের বীরশ্রেষ্ঠ শহিদ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান ক্রিকেট স্টেডিয়াম এলাকা থেকে সাগরিকা রোডের বিটাক বাজার পর্যন্ত এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন চসিকের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা। চসিক সূত্র জানায় , অভিযানে সড়ক ও ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনাকারী দোকান উচ্ছেদ করা হয়। একইসঙ্গে পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা অবৈধ স্থাপনাও অপসারণ করা হয়। অভিযানে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি), পাহাড়তলী থানা ও সিটি করপোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। চসিকের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা জানান , নগরের সড়ক ও ফুটপাত দখলমুক্ত রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## শিবির নেতাকে নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি, নিন্দনীয় আখ্যা তাহেরের

ছাত্র-শিবিরের এক কেন্দ্রীয় নেতাকে নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের দেওয়া বিবৃতিতে উত্তপ্ত হয়ে উঠেছে জাতীয় সংসদ। এ বিবৃতিকে অত্যন্ত নিন্দনীয় আখ্যা দিয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছেন বিরোধীদলীয় উপনেতা সৈয়দ

আবদুল্লাহ মোহাম্মদ তাহের। রোববার (১৪ জুন) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে এ ঘটনা ঘটে। এসময় সরকারি ও বিরোধীদলের সদস্যদের মধ্যে ব্যাপক হট্টগোল ও বাগবিতণ্ডার সৃষ্টি হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। সংসদে ৩০০ বিধিতে দেওয়া বিবৃতিতে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানান, গত ১১ জুন কুমিল্লার দাউদকান্দি থেকে নিখোঁজ হওয়া ছাত্র -শিবিরের কেন্দ্রীয় সহকারী আন্তর্জাতিকবিষয়ক সম্পাদক মোহাম্মদ জিসান মিয়া প্রধানের বিষয়টি আসলে সাজানো নাটক। পুলিশের বরাত দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শিবির নেতা জিসান মিয়ার সঙ্গে এক নারীর প্রেমের সম্পর্ক গড়ে ওঠে এবং ওই নারী অন্তঃসত্ত্বা হয়ে পড়েন। পরে জিসান তাকে ভ্রূণ নষ্ট করার ঔষধ খাওয়ান। বিয়ে করার কথা থাকলেও গত ১১ জুন তিনি বিয়ে না করে আত্মগোপনে চলে যান এবং তার স্বজনদের মাধ্যমে থানায় জিডি করান। পরবর্তী তে পুলিশ অনুসন্ধানে জানতে পারে তিনি লাকসাম এলাকায় আত্মগোপনে ছিলেন। পরে ওই নারীসহ জিসান থানায় হাজির হন। স্বরাষ্ট্রমন্ত্রীর এই বক্তব্যের পরপরই ফ্লোর নিয়ে তীব্র প্রতিবাদ জানান বিরোধীদলীয় উপনেতা আবদুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি বলেন, "সাবেক আইজিপিকে গ্রেফতারের সাফল্যে আমরা সরকারকে সাধুবাদ জানিয়েছি। কিন্তু একজন ছাত্রনেতাকে কেন্দ্র করে স্বরাষ্ট্রমন্ত্রী যে বক্তব্য দিয়েছেন, তা অত্যন্ত নিন্দনীয়। এটি একটি দলের চরিত্র হননের জন্য পরিকল্পিত প্লট। সংসদের ইতিহাসে একটি নির্দিষ্ট দলকে টার্গেট করে এভাবে বক্তব্য দেওয়ার ঘটনা নজিরবিহীন।„ তাহের প্রশ্ন তোলেন, "জিসান এখন কোথায়? কেন সাংবাদিকদের বা তার পরিবারকে ওই নারীর সঙ্গে কথা বলতে দেওয়া হচ্ছে না? আমরা এই বক্তব্য রেকর্ড থেকে এক্সপাঞ্জ (প্রত্যাহার) করার দাবি জানাচ্ছি।„ এসময় বিরোধীদলীয় সদস্যরা টেবিল চাপড়ে তার বক্তব্যকে সমর্থন জানান এবং সরকারি দলের সদস্যরা পাল্টা হট্টগোল শুরু করলে সংসদ কক্ষে চরম বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হয়। একপর্যায়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে ডেপুটি স্পিকার সদস্যদের শান্ত হওয়ার আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## ভিকটিমের সঙ্গে ঘটনা ঘটেছে মাদকাসক্ত ও নেশাগ্রস্ত অবস্থায়: সোহেল রানা

রাজধানীর মিরপুরের পল্লবীতে সাত বছরের শিশুকে ধর্ষণ ও হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না খাতুন হাইকোর্টে জেল আপিল করেছেন। তা শুনানির জন্য গ্রহণ করেছেন আদালত। আপিল আবেদনে নিজের অপরাধের কথা স্বীকার করে অনুশোচনা প্রকাশ করেন প্রধান আসামি সোহেল রানা। লিখেছেন যে, মাদকাসক্ত ও নেশাগ্রস্ত অবস্থায় তার অবচেতন মনে এই নৃশংস ঘটনাটি ঘটে গেছে। এখন নিজের একমাত্র সন্তানের ভবিষ্যৎ এবং পরিবারের চরম বিপর্যয়ের কথা উল্লেখ করে তিনি অপরাধের জন্য আদালতের কাছে ক্ষমা প্রার্থনা করেছেন। অন্যদিকে, সোহেলের স্ত্রী স্বপ্না আক্তার নিজেকে নির্দোষ দাবি করেন আপিল আবেদনে। এ বিষয়ে রোববার (১৪ জুন) অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল সাংবাদিকদের জানান, আসামির করা আপিলের পটভূমিতে বলা হয়, `আমি আর্থিকভাবে অসচ্ছল। অটোরিকশা গ্যারেজে মিস্ত্রির কাজ করতাম। নিয়মিত ইয়াবা ও মাদকাসক্ত ছিলাম। আমি মাদকাসক্ত ও নেশাগ্রস্ত হওয়ায় পরিবারে প্রায়ই ঝগড়া-বিবাদ লেগে থাকতো। ইতোঃপূর্বে আমি কোনো অপরাধের সঙ্গে জড়িত ছিলাম না। ভিকটিমের সঙ্গে যে ঘটনা ঘটেছে, এটা মাদকাসক্ত ও নেশাগ্রস্ত অবস্থায় হয়েছে। আমার আর্থিক অভাব, পারিবারিক অশান্তি এবং মাদকাসক্ত ও নেশাগ্রস্ত হওয়ার কারণে ঘটনাটি সম্পূর্ণ অসতর্ক ও অবচেতনভাবে হয়েছে। কীভাবে যে ঘটনাটি ঘটেছে, আমি বুঝতেই পারিনি। আমার একটিমাত্র ছেলের পড়াশোনার খরচ ও পরিবারের ভরণপোষণ করার মতো কেউ নেই। আমি ভুল করেছি। আমি ক্ষমা চাই,, আবেদনে যোগ করেন সোহেল। এ ব্যাপারে অ্যাটর্নি জেনারেল জানান, সোহেল জেল আপিলে যা উল্লেখ করেছেন, এতে প্রকারান্তরে তিনি তার অপরাধ স্বীকার করেছেন। উল্লেখ করেছেন পারিবারিক অশান্তি, মাদকাসক্ত ও নেশাগ্রস্ত থাকার কথা। বিচারিক আদালত এসব বিষয় বিবেচনা করে রায় দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ রিহাব)

## বুড়িগঙ্গায় ভাসছিল পচা-গলা মরদেহ, আইডি কার্ডে লেখা জাবি শিক্ষার্থী

রাজধানীর বসিলায় বুড়িগঙ্গা নদী থেকে দ্বীপ মজুমদার নামে এক যুবকের পচা-গলা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তার কাছে পাওয়া আইডি কার্ড থেকে জানা গেছে, নিহত যুবক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বায়ো-কেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি বিভাগের শিক্ষার্থী। রোববার (১৪ জুন) বিকেল ৪টার দিকে মরদেহটি উদ্ধার করা হয়। নৌ-পুলিশের উপ-পরিদর্শক রবিউল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বিকেলে মরদেহটি পানিতে ভেসে যেতে দেখে পুলিশে খবর দেন স্থানীয়রা। পরে বসিলা ফাঁড়ি থেকে পুলিশের একটি টিম গিয়ে মরদেহটি উদ্ধার করে। রবিউল ইসলাম আরও বলেন, বর্তমানে মরদেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। পচা-গলা মরদেহ পোস্টমোর্টেম না করা পর্যন্ত মৃত্যুর কারণ নিয়ে কিছু বলা যাচ্ছে না।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় শিগ্গির বেনজীরকে ফিরিয়ে আনা হবে: দুদক

দুর্নীতি ও পাসপোর্ট জালিয়াতির মামলায় দুবাইয়ে গ্রেফতার সাবেক আইজিপি বেনজীর আহমেদকে দ্রুত দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন দুদকের জনসংযোগ কর্মকর্তা (উপ-পরিচালক) মো. আকতারুল ইসলাম। তিনি বলেন, দুর্নীতি মামলার আসামি আওয়ামী লীগ সরকার আমলের বহুল আলোচিত ও সমালোচিত পুলিশ

মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ফিরিয়ে আনার উদ্যোগ নেবে দুদক। রোববার (১৪ জুন) বিকেলে দুদকের প্রধান কার্যালয়ে এসব কথা বলেন তিনি। আকতারুল ইসলাম বলেন , পাসপোর্ট জালিয়াতি ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে দুদকের মামলায় তার বিরুদ্ধে ইন্টারপোলে রেড নোটিশ ইস্যু করা হয়েছিল। এর মধ্যে পাসপোর্ট জালিয়াতির মামলায় তাকে দুবাই পুলিশ গ্রেফতার করেছে বলে জেনেছি। সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ইন্টারপোলের কাছে সহযোগিতা চেয়েছিলাম। সেই ধারাবাহিকতায় গ্রেফতার হয়েছেন বলে জানতে পেরেছি। তিনি আরও বলেন , তাকে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে। এক্ষেত্রে সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতা চেয়ে চিঠি দেওয়া হবে। শিগ্গির এমন উদ্যোগ নিয়ে বেনজীর আহমেদকে ফিরিয়ে আনা হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## আবাসন খাতে `কালো টাকা, বৈধ করার সুযোগ, বৈষম্য বাড়ার শঙ্কা

দেশে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি এবং নগরায়ণের ফলে আবাসন খাতে চাহিদা কয়েক গুণ বেড়েছে। এই বাস্তবতাকে সামনে রেখে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে জমি , ভবন ও অ্যাপার্টমেন্ট কেনা -বেচার ক্ষেত্রে অপ্রদর্শিত আয় বা কথিত `কালো টাকা, বৈধ করার সুযোগ রাখা হয়েছে। যদিও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সরাসরি `কালো টাকা সাদা করার ব্যবস্থা, থাকার বিষয়টি অস্বীকার করছে। অর্থনীতিবিদরা বলছেন, নতুন বিধান কার্যত অপ্রদর্শিত অর্থ বৈধ করার পথই উন্মুক্ত করেছে। সরকারের দাবি , এই উদ্যোগ আবাসন খাতে বিনিয়োগ বৃদ্ধি , রাজস্ব আহরণ এবং অর্থনীতিতে অর্থের প্রবাহ বাড়াতে সহায়ক হবে। তবে সমালোচকদের মতে , কর ফাঁকি ও দুর্নীতির মাধ্যমে অর্জিত অর্থ বৈধ করার সুযোগ তৈরি হলে তা সুশা সন, কর নৈতিকতা এবং সামাজিক ন্যায়বিচারের জন্য দীর্ঘমেয়াদে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। ফলে প্রস্তাবিত এই বিধান নিয়ে আগামী দিনগুলোতে অর্থনৈতিক ও রাজনৈতিক অঙ্গনে বিতর্ক আরও জোরালো হওয়ার সম্ভাবনা রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## মনিরুলের বক্তব্য হীন মানসিকতা ও বর্ণবাদী আচরণের বহিঃপ্রকাশ: নাহিদ

জাতীয় সংসদে জামায়াতের নারী এমপিদের পোশাকের প্রতি ইঙ্গিত করে কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মনিরুল হক চৌধুরীর দেওয়া বক্তব্যের কড়া সমালোচনা করেছেন সংসদের বিরোধীদলীয় হুইপ নাহিদ ইসলাম। সংসদে নাহিদ দাবি করেন, এমপি মনিরুল বিরোধীদলীয় উপনেতার স্ত্রীকে কটাক্ষ এবং নারী সংসদ সদস্যদের পোশাক ও ধর্মীয় স্বাধীনতা নিয়ে আপত্তিকর বক্তব্য দিয়েছেন। এ ধরনের বক্তব্যকে `অমার্জনীয় অপরাধ, ও `বর্ণবাদী আচরণ, আখ্যা দিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন নাহিদ। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## জামায়াতের নারী এমপিদের পোশাক নিয়ে মন্তব্য উত্তপ্ত সংসদ

জাতীয় সংসদে জামায়াতে ইসলামীর নারী সংসদ সদস্যদের নিয়ে মন্তব্য করে তীব্র সমালোচনার মুখে পড়েছেন কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী। তার বক্তব্যের জেরে সংসদে ব্যাপক হট্টগোল ও বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। পরিস্থিতি সামাল দিতে এক পর্যায়ে স্পিকার তার বক্তব্যের আপত্তিকর অংশটুকু সংসদীয় কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ (বাদ) ঘোষণা করেন এবং তীব্র ক্ষোভ প্রকাশ করে সব সংসদ সদস্যকে আত্মমর্যাদা বজায় রাখার আহ্বান জানান। পরে সংসদের পরিবেশ শান্ত হয়। রোববার (১৪ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় এবং প্রথম বাজেট অধিবেশনের ষষ্ঠতম দিনে বাজেট আলোচনায় এমন পরিস্থিতির সৃষ্টি হয়। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। অধিবেশনে মনিরুল হক চৌধুরী জামায়াতে ইসলামীর কঠোর সমালোচনা শুরু করেন এবং ২০০৪ সালের একটি পারিবারিক দাওয়াতের গল্প টেনে আনেন। তিনি নারী সংসদ সদস্যদের ইঙ্গিত করে তাদের পোশাক ও পর্দা নিয়ে মন্তব্য করেন। তার মুখে এমন কথা শোনার সঙ্গে সঙ্গেই বিরোধীদলের সংসদ সদস্যরা আসন ছেড়ে দাঁড়িয়ে তীব্র প্রতিবাদ জানান ও চিৎকার শুরু করেন। পুরো অধিবেশন কক্ষজুড়ে শুরু হয় চরম হ ট্টগোল। স্পিকার বারবার সংসদ সদস্যদের শান্ত হওয়ার অনুরোধ জানালেও পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। মনিরুল হক চৌধুরীর এমন মন্তব্যে স্পিকার তাকে ব্যক্তিগত স্বাধীনতা নিয়ে কথা না বলার জন্য কঠোরভাবে সতর্ক করেন। স্পিকার অত্যন্ত ক্ষুব্ধ হয়ে বলেন , আমরা সবাই জনগণে র ভোটে নির্বাচিত সংসদ সদস্য। আমরা যদি নিজেদের ডিসেন্সি এবং ডিগনিটি ধরে রাখতে না পারি , তবে দেশের মানুষের কাছে আমাদের লজ্জিত হতে হবে। এই মহান সংসদ কোনো ব্যক্তিগত আক্রমণ বা কারও ব্যক্তিগত স্বাধীনতা নিয়ে কথা বলার চারণক্ষেত্র নয়। তীব্র সমালোচনার মুখে মনিরুল হক চৌধুরী সংসদে দুঃখ প্রকাশ করতে বাধ্য হন এবং তার কোনো শব্দে কারও আত্মসম্মানে আঘাত লেগে থাকলে তা এক্সপাঞ্জ করার অনুরোধ জানান। বিতর্কিত এই মন্তব্যের বাইরে মনিরুল হক চৌধুরী তার বক্তব্যে বিএনপি ও তারেক রহমানের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি দাবি করেন , শেখ হাসিনা সরকারের বিদায়ের পর দেশ পরিচালনায় তারেক রহমান অত্যন্ত সাহসিকতার পরিচয় দিচ্ছেন। পাশাপাশি , কুমিল্লা-ঢাকা রেললাইন প্রকল্প গ্রহণ করায় এবং সিলেট ও নোয়াখালীর দূরত্ব কমিয়ে আনার উদ্যোগ নেওয়ায় তিনি সরকারকে ধন্যবাদ জানান। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

### পাঁচবিবি সীমান্তে বৃদ্ধকে `পুশ-ইনের, চেষ্টা নিয়ে উত্তেজনা

জয়পুরহাটের পাঁচবিবি সীমান্তে এক বৃদ্ধকে বাংলাদেশে `পুশ-ইনের, (অনুপ্রবেশ) চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে স্থানীয়দের সহায়তায় বিজিবি তাৎক্ষণিকভাবে তাকে `পুশ-ব্যাক, করে ভারতীয় ভূখণ্ডে ফেরত পাঠিয়েছে। রোববার (১৪ জুন) সকাল ৮টার দিকে উপজেলার ধরঞ্জি ইউনিয়নের হাটখোলা সীমান্তের ২৭৯ নম্বর প্রধান পিলারের কাছে এ ঘটনা ঘটে। বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ওই বৃদ্ধকে সীমান্তের শূন্যরেখায় বসিয়ে রাখে বিএসএফ, যা নিয়ে দুই দেশের সীমান্তরক্ষীদের মধ্যে উত্তেজনা বি রাজ করছে। স্থানীয় ও বিজিবি সূত্রে জানা গেছে , ভোরের দিকে ৭০ থেকে ৭৫ বছর বয়সি ওই বৃদ্ধকে বাংলাদেশে `পুশ-ইন, করে বিএসএফ। সকালে সীমান্তসংলগ্ন মাঠে কৃষকেরা কাজ করার সময় ওই বৃদ্ধ তাদের কাছে এসে খাবার ও পানি চান। এ সময় তিনি নিজেকে ভারতের নাগরিক পরিচয় দিয়ে জানান , বিএসএফ তাকে জোর করে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে। পরে কৃষকরা বিষয়টি হাটখোলা বিজিবি ক্যাম্পে জানালে বিজিবি সদস্যরা ঘটনাস্থলে এসে স্থানীয়দের সহায়তায় তাকে আবার ভারতীয় সীমান্তে ফেরত পাঠান। কিন্তু বিএসএফ তাকে গ্রহণ না করে সীমান্তের শূন্যরেখার একটি ডোবায় ঘণ্টার পর ঘণ্টা বসিয়ে রাখে। হাটখোলা গ্রামের বাসিন্দা বাবু হোসেন বলেন , বৃদ্ধ লোকটি খুব তৃষ্ণার্ত ছিলেন। ওনারে আমরা পানি খাওয়াই। পরে বিজিবি ওনাকে ফেরত পাঠালেও বিএসএফ ওনাকে শূন্যরেখায় বসিয়ে রাখে। ভারতের মথুরাপুর বিএসএফ ক্যাম্পের কাছে আরও অনেক লোকজনকে জড়ো করে রাখা হয়েছে ব লে আমরা খবর পেয়েছি। তাদেরও `পুশ-ইনের, চেষ্টা করা হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

### ভারতীয় হাইকমিশনারের বক্তব্য পারস্পরিক সম্মানবোধের পরিপন্থি

ভারতের নবনিযুক্ত হাইকমিশনার দীনেস ত্রিবেদীর বক্তব্যকে রাষ্ট্রসমূহের পারস্পরিক সম্মানবোধের পরিপন্থি বলে মন্তব্য করেছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেছেন, সম্প্রতি ঢাকায় দায়িত্ব গ্রহণের পর ভারতের নবনিযুক্ত হাইকমিশনার যে বক্তব্য দিয়েছেন , তা কূটনৈতিক শিষ্টাচার , আন্তর্জাতিক রীতি -নীতি এবং রাষ্ট্রসমূহের পারস্পরিক সম্মানবোধের পরিপন্থি । বিশেষত বাংলাদেশ ও ভারতের জনগণকে একীভূত জনসংখ্যার অংশ হিসেবে উপস্থাপন করা এবং এমন কিছু মন্তব্য করা , যা বাংলাদেশের স্বতন্ত্র রাষ্ট্রসত্তা সম্পর্কে বিভ্রান্তিকর ধারণার জন্ম দিতে পারে, তা কোনো দায়িত্বশীল কূটনীতিকের কাছ থেকে প্রত্যাশিত নয়। তার এ মন্তব্যে সাম্রা জ্যবাদী মানসিকতার বহিঃপ্রকাশ ঘটেছে বলে দেশের জনগণ মনে করে। রোববার (১৪ জুন) ঢাকায় ভারতের নবনিযুক্ত হাইকমিশনারের বাংলাদেশের `অখণ্ডতা বিরোধী, সাম্প্রতিক বক্তব্যের তীব্র প্রতিবাদ ও গভীর উদ্বেগ প্রকাশ করে দেওয়া বিবৃতিতে তিনি এসব কথা বলেন। বিবৃতিতে মিয়া গোলাম পরওয়ার বলেন, বাংলাদেশ একটি স্বাধীন, সার্বভৌম ও মর্যাদাবান রাষ্ট্র। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত এ দেশের স্বাধীনতা , সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতা রক্ষায় বাংলাদেশের জনগণ সর্বদা ঐক্যবদ্ধ এবং দৃঢ়প্রতিজ্ঞ। দেশের স্বাধীনতা ও জাতীয় স্বার্থ রক্ষার প্রশ্নে এ দেশের জনগণ অতীতের ন্যায় যে -কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত রয়েছে। তিনি বলেন , দীনেস ত্রিবেদী `ভারত-বাংলাদেশের এক হয়ে যাওয়া, বলতে কী বুঝিয়েছেন- আমাদের সরকারের উচিত হবে, তার কাছ থেকে তা জেনে নেওয়া। তার এ বক্তব্য স্পষ্ট না হলে জনমনে বিভ্রান্তি তৈরি হবে। যদি তিনি আক্ষরিক অর্থে এ ধরনের কিছু বুঝিয়ে থাকেন, তাহলে অবশ্যই তা নিন্দনীয়। সরকারের কাছে বিষয়টির মর্যাদাপূর্ণ সুরাহা চাই। গোলাম পরওয়ার আরও বলেন , বাংলাদেশ ও ভারতের মধ্যে পারস্পরিক সম্মান, সমতা, ন্যায়বিচার এবং প্রতিবেশীসুলভ সম্পর্কের ভিত্তিতে সহযোগিতা ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অব্যাহত থাকা উচিত বলে আমরা মনে করি। কোনো পক্ষের আধিপত্যবাদী বা কর্তৃত্ববাদী মনোভাব এ সম্পর্কের জন্য কখনোই কল্যাণকর হতে পারে না। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

### ট্রাভেল এজেন্সির নিবন্ধন-নবায়ন বিষয়ে সতর্ক করলো সরকার

দেশে ব্যবসা পরিচালনার জন্য ট্রাভেল এজেন্সির নিবন্ধন ও নবায়ন বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করেছে সরকার। রোববার (১৪ জুন) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, `বাংলাদেশ ট্রাভেল এজেন্সি নিবন্ধন ও নিয়ন্ত্রণ আইন -২০১৩, অনুযায়ী দেশে ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনার জন্য নির্ধারিত কর্তৃপক্ষের নিবন্ধিত হওয়া বাধ্যতামূলক। বর্তমানে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের অধীনে এই নিবন্ধন ও নবায়ন প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হয়। এতে বলা হয় , সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কিছু প্রতিষ্ঠা ন নিবন্ধন ব্যতিরেকে অথবা নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও অবৈধভাবে ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনা করছে। সম্মানিত গ্রাহকরা বিভিন্ন ধরনের আর্থিক প্রতারণা ও হয়রানির শিকার হচ্ছেন। এসব অনিবন্ধিত বা মেয়াদোত্তীর্ণ এজেন্সির ব্যবসা পরিচালনা আইনত দণ্ডনীয়। এ সংক্রা ন্ত কোনো তথ্য /অভিযোগ পাওয়া গেলে দায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে বিজ্ঞপ্তিতে স্পষ্ট জানানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ রুবাইয়া)

## যুদ্ধ বন্ধে একমত আমেরিকা-ইরান, চুক্তি সই শুক্রবার

আমেরিকা-ইরানের সংঘাত আদৌ শেষ হবে কিনা তা নিয়ে যেন ধোঁয়াশা কাটছিলই না। অবশেষে সেই অপেক্ষার প্রহর শেষ হচ্ছে। যুদ্ধ বন্ধে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছেছে দেশ দুটি। আগামী শুক্রবার (১৯ জুন) সুইজারল্যান্ডে আনুষ্ঠানিকভাবে এই চুক্তি সই হবে। সোমবার (১৫ জুন) ভোরে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) বিষয়টি জানিয়েছেন আমেরিকা ও ইরানের মধ্যে শান্তি আলোচনায় মধ্যস্থতাকারী দেশ পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। চুক্তিতে পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করেছেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও। নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে তিনি লিখেছেন, `ইসলামি প্রজাতন্ত্র ইরানের সঙ্গে চুক্তি এখন সম্পন্ন।, ট্রাম্প আরও লিখেছেন, `আমি হরমুজ প্রণালিকে সম্পূর্ণভাবে টোলমুক্তভাবে চলাচলের জন্য খুলে দেওয়ার অনুমতি দিচ্ছি। একইসঙ্গে যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর আরোপিত অবরোধও অবিলম্বে তুলে নেওয়ার নির্দেশ দিচ্ছি।, তিনি লিখেছেন, `বিশ্বের জাহাজগুলো, তোমাদের ইঞ্জিন চালু করো। তেলের প্রবাহ চলুক।,

এদিকে, আমেরিকার সঙ্গে চুক্তিতে পৌঁছানোর বিষয়ে এখনো স্পষ্ট করে কিছুই জানায়নি ইরান সরকার। তবে দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে এ সংক্রান্ত খবর প্রচার করা হয়েছে। পাকিস্তানের প্রধানমন্ত্রীর বিবৃতির বরাত দিয়ে ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে ইরান ও আমেরিকার মধ্যে একটি চুক্তিতে পৌঁছানোর ঘোষণা দেওয়া হয়েছে। ইরানি কিছু সংবাদমাধ্যমে এই চুক্তিকে ইরানের জন্য বিজয় হিসেবে বর্ণনা করা হচ্ছে। তবে চুক্তির বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো প্রতিক্রিয়া জানায়নি ইসরায়েল।(জাগো নিউজ ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

## ইউক্রেনের ড্রোন হামলায় রাশিয়ায় বাংলাদেশি যুবক নিহত

ইউক্রেনের ড্রোন হামলায় রাশিয়ায় এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। তার নাম মাফল। তিনি জামালপুরের মাদারগঞ্জ উপজেলার কড়ইচড়া ইউনিয়নের চর গুজামানিকা গ্রামের বানু মিয়ার ছেলে। মাফলের নিহত হওয়ার বিষয়টি রোববার (১৪ জুন) জানতে পারে তার পরিবার। জানা গেছে, জীবিকার তাগিদে এক মাস ১২ দিন আগে রাশিয়ায় যান মাফল। স্বজনদের অভিযোগ, রাজমিস্ত্রির কাজের কথা বলে তাকে রাশিয়ায় নেওয়া হলেও পরে যুদ্ধক্ষেত্রে পাঠানো হয়। স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা যায়, গত ২৯ মে থেকে মাফলের সঙ্গে পরিবারের কোনো যোগাযোগ ছিল না। আজ রোববার তার মৃত্যুর খবর পান স্বজনরা। ইউক্রেনের ড্রোন হামলায় তিনি নিহত হয়েছেন বলে পরিবারকে জানানো হয়েছে। পরিবারের সদস্যরা জানান, রাশিয়ায় যাওয়ার পর মাফল একাধিকবার মোবাইল ফোনে জানিয়েছিলেন, তাকে যে কাজের কথা বলে নেওয়া হয়েছে, সেই কাজ দেওয়া হয়নি। পরিবর্তে তাকে যুদ্ধক্ষেত্রে পাঠানো হয়েছে। তিনি পরিবারের সদস্যদের কাছে দোয়া চেয়েছিলেন।(জাগো নিউজ ওয়েব পেজ : ১৫.০৬.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## `সিঙ্গাপুর, কানাডা নয়, বেটার বাংলাদেশ, গড়তে চাই : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , আমরা `সিঙ্গাপুর, কানাডা নয়, বেটার বাংলাদেশ, গড়তে চাই। তিনি বলেন , ”আমরা প্রায়শই শুনতাম , বাংলাদেশকে আমরা সিঙ্গাপুর বানিয়ে ফেলবো , বাংলাদেশকে আমরা কানাডা বানিয়ে ফেলবো, বাংলাদেশকে অমুক বানিয়ে ফেলব। আমি বাংলাদেশকে অন্য কিছু বানাতে চাই না। বাংলাদেশকে আমি একটু বেটার বানাতে চাই। „ প্রধানমন্ত্রী বলেন, ”সেই কাজটি সরকারের একার পক্ষে সম্ভব নয় , আমাদের সবাইকে মিলে করতে হবে।„ শনিবার রাতে কক্সবাজারে স্থানীয় একটি অভিজাত হোটেলে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী এ জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আ হ্বান জানান। কক্সবাজার শহরকে `পরিচ্ছন্ন নগরী, করার প্রয়োজনীয় তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, কক্সবাজার শহরে প্রবেশের সময় একটা বিরাট বড়ো সাইনবোর্ড দেখেছি , ওখানে লেখা আছে `বিশ্বের দীর্ঘতম সী বিচ , স্যান্ডি সী বিচ ,। আপনারা সকলে মিলে কক্সবাজারের প্রতিনিধিত্ব করছেন । এই কক্সবাজারকে সঠিকভাবে তুলে ধরতে আপনাদের সবাইকে কিন্তু এগিয়ে আসতে হবে। আপনারা কক্সবাজারকে পরিচ্ছন্ন একটি নগরী হিসেবে গড়ে তুলতে পারেন। „ তিনি বলেন, ”শুধু তাই নয়, কক্সবাজারকে আপনারা সুশৃঙ্খল একটি শহর হিসেবে গড়ে তুলতে পারেন , যেখানে সবগুলো যান শৃঙ্খলার মধ্যে থাকবে, সুন্দরভাবে পার্কিং করবে, সুন্দরভাবে চলাচল করবে, ট্রাফিক নিয়ম মেনে চলাচল করবে। যেখানে মানুষ হাঁটার সময় নিরাপদ বোধ করবে। „

বিগত ১৭ বছর কেন কক্সবাজারের কোনো উন্নয়ন হয়নি - প্রশ্ন তুলে প্রধানমন্ত্রী বলেন, ”দেশে ফেরার পর গত সাড়ে চার মাসে আমি দেশের বিভিন্ন জায়গায় গিয়েছি এবং বিভিন্ন জায়গায় গিয়ে আমার কাছে মনে হয়েছে , যে কাজগুলোর কথা বলা হচ্ছে, এই কাজগুলো ১৭ বছর হওয়া উচিত ছিল কিন্তু হয়নি। „ তিনি বলেন, ”আমাদের অনেক কাজ জমে গেছে। দেশকে পরিবর্তন করতে হলে , দেশকে একটা ভালো জায়গায় নিয়ে যেতে হলে , মানুষের ভাগ্যের পরিবর্ত ন করতে হলে আমাদের অনেকগুলো কাজ করতে হবে। „ কক্সবাজার বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তর করা, কক্সবাজারে মেরিন বিশ্ববিদ্যালয় স্থাপন করার কথাও বলেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহ উদ্দিন আহমদ, পানি সম্পদ শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আজাদ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী

মীর মো. হেলাল, বস্ত্র প্রতিমন্ত্রী শরীফুল আলম, স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম, সংসদ সদস্যগণ ও বিএনপি নেতারা উপস্থিত ছিলেন। এছাড়া, অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সহধর্মিণী জুবাইদা রহমান, সালাহউদ্দিন আহমদের সহধর্মিণী হাসিনা আহমদও ছিলেন। পরে, প্রধানমন্ত্রী নিজে গাড়ি চালিয়ে মেরিন ড্রাইভ সড়ক ঘুরে দেখেন। রাত সোয়া ১২টার দিকে বিমানে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হন প্রধানমন্ত্রী।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## বিআরটি প্রকল্প নিয়ে সভা করলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে বাস র্যাহ পিড ট্রানজিট বিআরটি প্রকল্প নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গাজীপুরের জয়দে বপুর পর্যন্ত বিস্তৃত বিআরটি প্রকল্পের অগ্রগতি, বাস্তবায়ন প্রক্রিয়া এবং সম্ভাব্য সুফল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রেস উইং জানায়, সভায় বিশেষজ্ঞরা প্রকল্পটির বিভিন্ন দিক নিয়ে মতামত দেন। বিশেষ করে বিআরটি -এর নকশা, স্টেশন ব্যবস্থাপনা, যাত্রীসেবা, পরিচালন কাঠামো এবং সামগ্রিক কার্যকারিতা নিয়ে তারা নিজেদের পর্যবেক্ষণ ও পরামর্শ তুলে ধরেন। সভায় সড়ক পরিবহণ ও সেতু এবং রেলপথ ও নৌ পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম, সড়ক পরিবহণ ও রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশীদ হাবিব, সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব মোহাম্মদ জিয়াউল হক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মো. শামসুল হক, মোসলেহ উদ্দীন হাসান, মো. হাদিউজ্জামান ও রাকিব আহসান, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মঈনুল হাসানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## সীমান্তে ২০ জনকে বিএসএফের `পুশ-ইন, চেষ্টায় বিজিবির বাধা

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ১১ জন নারী-পুরুষকে `পুশ-ইনের, চেষ্টা বডার গার্ড বাংলাদেশ (বিজিবির) বাধায় প্রতিহত হয়েছে। পরে তাদের ফিরিয়ে নিয়ে ভারত সীমান্তের কাছাকাছি রেখেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। জানা যায়, শনিবার (১৩ জুন) দিবাগত ভোররাতে ৭৬/৭৭ পিলার দিয়ে ১১ জনকে `পুশ-ইনের, চেষ্টা করে বিএসএফ। এ সময় টহলরত বিজিবি তাদের প্রতিহত করে। পরে তাদেরকে ভারত সীমান্তের কাছাকাছি নিয়ে যায় বিএসএফ। এদের মধ্যে ৮ জন পুরুষ ও ৩ জন নারী। চুয়াডাঙ্গা বিজিবি -৬ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল নাজমুল হাসান জানান, `পুশ-ইন,সহ সীমান্তের অপতৎপরতা রুখে দিতে বিজিবির টহল, গোয়েন্দা নজরদারি, অপারেশনাল কার্যক্রম অব্যাহত রয়েছে। এদিকে, একই সীমান্তের ৭৬ নম্বর পিলারের কাছ থেকে ধরে নেওয়া বাংলাদেশি যুবককে এখনও ফেরত দেয়নি বিএসএফ। অন্যদিকে, কুড়িগ্রাম সীমান্তের দুটি পয়েন্ট দিয়ে নয়জনকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা প্রতিহত করেছে বিজিবি।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## সৌদিতে গিয়ে মারা গেছেন ৫১ জন বাংলাদেশি

হজ পালন শেষে সৌদি আরব থেকে এখন পর্যন্ত দেশে ফিরেছেন ৫৫ হাজার ১৩৩ জন বাংলাদেশি হাজি। দেশে প্রত্যাবর্তনকারী হাজিদের মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ফিরেছেন ৪ হাজার ৩১৩ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ফিরেছেন ৫০ হাজার ৮২০ জন। এদিকে, হজ পালনে সৌদিতে গিয়ে হজ সম্পন্ন হওয়ার আগে এবং পরে এখন পর্যন্ত মারা গেছেন ৫১ জন বাংলাদেশি। তাদের মধ্যে ৩৪ জন পুরুষ এবং ১৭ জন নারী। মৃতদের মধ্যে মক্কায় ৩৫ জন, মদিনায় ১৪ জন এবং জেদ্দায় একজন মারা যান। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের হজ ব্যবস্থাপনা সংক্রান্ত সর্বশেষ তথ্যে জানা যায়, ১৪ জুন (সৌদি সময়) পর্যন্ত দেশে ফিরতি হজযাত্রী পরিবহণে শীর্ষে রয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। সংস্থাটি এখন পর্যন্ত ২৩ হাজার ২৬৫ জন হাজিকে দেশে ফিরিয়ে এনেছে। এ ছাড়া, সৌদি এয়ারলাইনস পরিবহণ করেছে ১৯ হাজার ৬৮৫ জন, ফ্লাইনাস এয়ারলাইনস ৮ হাজার ৩৮০ জন এবং অন্যান্য এয়ারলাইনসের মাধ্যমে ফিরেছেন ৩ হাজার ৮০৩ জন হাজি। হজযাত্রীদের দেশে ফিরিয়ে আনতে এখন পর্যন্ত মোট ১৩১ ফ্লাইট পরিচালিত হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনস পরিচালনা করেছে ৬১টি, সৌদি এয়ারলাইনস ৪৯টি এবং ফ্লাইনাস ২১টি ফ্লাইট। স্বাস্থ্যসেবা কার্যক্রমের অংশ হিসেবে সৌদি আরবে বাংলাদেশি চিকিৎসাকেন্দ্রগুলো থেকে এখন পর্যন্ত ৬৩ হাজার ৪২৭টি স্বয়ংক্রিয় চিকিৎসা ব্যবস্থাপত্র প্রদান করা হয়েছে। পাশাপাশি আইটি হেল্প ডেস্কের মাধ্যমে ২৭ হাজার ৮১০টি সেবা দেওয়া হয়েছে। চলতি বছর পবিত্র হজ অনুষ্ঠিত হয় ২৬ মে। বাংলাদেশ থেকে সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জন হজযাত্রী সৌদি আরবে যান। হজযাত্রীদের প্রথম ফিরতি ফ্লাইট শুরু হয় ৩০ মে এবং শেষ ফিরতি ফ্লাইট নির্ধারিত রয়েছে আগামী ৩০ জুন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## ৬৫ হাজার শিক্ষকের অবসর সুবিধা দিতে শিক্ষামন্ত্রীর নতুন উদ্যোগ

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, আমাদের ৬৫ হাজার শিক্ষক অবসর সুবিধার টাকা পাননি। আমরা পদক্ষেপ নিয়েছি, ন্যূনতম থেকে এক লাখ টাকা এই বছরের জুলাইয়ে দেওয়া শুরু করবো। শিক্ষকদের সব পাওনা পরিশোধ করা হবে। থোক বরাদ্দ পেয়েছি, এটা নিয়ে আমরা যাত্রা শুরু করবো। গতকাল শনিবার বিকেলে

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ের পঞ্চমীঘাট উচ্চবিদ্যালয়ের ৪-তলা বিশিষ্ট ভবনের উদ্বো ধন অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। ড. মিলন বলেন, শিক্ষকদের উৎসব ভাতা ৫০ শতাংশ রয়েছে, সেটাকে শতভাগ করার জন্য আমাদের প্রস্তাব রয়েছে। ইতোমধ্যে ১০ শতাংশ চেয়েছিলাম। এটা আগামী দিনে শুরু হবে। বাজেট হওয়ার পরে ক্রমান্বয়ে শতভাগ উৎসব ভাতা পাবেন। শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক স্কুলে হেডমাস্টারদের অভাব রয়েছে। ৩২ হাজার ৫০০ হেডমাস্টার নিয়োগের বিষয়টি আদালতে স্থগিত থাকার কারণে আমরা মামলাটি নিষ্পত্তি করার জন্য কাজ শুরু করেছি। বিভিন্ন ক্ষেত্রে মামলা জটিলতার জন্য আমরা দিতে পারছি না। সর্বমোট ৮৩ হাজার ৫০০ মামলা রয়েছে আমাদের শিক্ষা মন্ত্রণালয়ের বিরুদ্ধে। আমরা অ্যাটর্নি জেনারেল ও আইনমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে মামলা নিষ্পত্তি করতে যাচ্ছি। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## দেশের ১০ জেলার মানুষ আজ থেকে পাচ্ছে আইসিইউ

দেশের ১০ জেলা সদর হাসপাতালে আজ রোববার (১৪ জুন) নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) চালু করা হচ্ছে। জরুরি রেসপন্স ও মহামারি প্রস্তুতি (ইআরপিপি) প্রকল্পের আওতায় এসব আইসিইউ স্থাপন করা হবে। এসব হাসপাতালের আইসিইউ কার্যক্রম উদ্বোধন করবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন। যে-সব হাসপাতালে নতুন আইসিইউ চালু হচ্ছে সেগুলো হলো, মুন্সীগঞ্জ ২৫০ শয্যা জেলা হাসপাতাল, টাঙ্গাইল ২৫০ শয্যা জেলা হাসপাতাল, সুনামগঞ্জ ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, গোপালগঞ্জ ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, চুয়াডাঙ্গা জেলা হাসপাতাল, নারায়ণগঞ্জ জেনারেল (ভিক্টোরিয়া) হাসপাতাল, যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, শেরপুর ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, মাদারীপুর জেলা হাসপাতাল এবং বাগেরহাট জেলা হাসপাতাল। স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রতিটি আইসিইউতে প্রয়োজনীয় পেডিয়াট্রিক ভেন্টিলেটর ও অক্সিজেন কনসেন্ট্রেটর সরবরাহ সম্পন্ন হয়েছে। পাশাপাশি নিয়োগ দেওয়া হয়েছে প্র য়োজনীয় জনবলও। এর মাধ্যমে জেলা পর্যায়ে শিশু ও প্রাপ্তবয়স্ক রোগীদের জন্য উন্নতমানের জরুরি ও নিবিড় চিকিৎসাসেবা নিশ্চিত করা সম্ভব হবে। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, জেলা পর্যায়ে এই আইসিইউগুলো পুরোদমে চালু হলে শিশু ও প্রাপ্তবয়স্ক জটিল রোগীদের উন্নত ‵ক্রিটিক্যাল কেয়ার, সেবার জন্য আর রাজধানী বা বড়ো শহরের দিকে ছুটতে হবে না। স্থানীয় পর্যায়েই এখন থেকে জরুরি ও উন্নত চিকিৎসাসেবা নিশ্চিত করা সম্ভব হবে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## বিএনপি কোনো রেজিমেন্ট দল নয়, এটি উদারপন্থি রাজনৈতিক দল : ফখরুল

বিএনপি কোনো রেজিমেন্ট দল নয়, এটি একটি উদারপন্থি রাজনৈতিক দল বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার (১৪ জুন) সকালে প্রেসক্লাবে জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা ব লেন। মির্জা ফখরুল বলেন, জিয়াউর রহমান আরও দশ বছর বেঁচে থাকলে বাংলাদেশ অনেক এগিয়ে যেত। আওয়ামী লীগ জিয়াউর রহমানকে হত্যাকারী হিসেবে উপস্থাপন করেছিল। অথচ তিনি শুধু রাষ্ট্রনায়ক নন, মহানায়ক ছিলেন বলেও তিনি উল্লেখ করেন। তিনি বলেন ‵জিয়াউর রহমান রাষ্ট্রের প্রতিটি খা তের উন্নয়নে কাজ করেছেন। বাংলাদেশি জাতীয়তাবাদ সত্তার বিকাশ ঘটিয়েছেন তিনি। তিনি আরও বলেন, গণতন্ত্রকে উত্তম শাসনব্যবস্থা হিসেবে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছেন শহিদ জিয়া। দেশের ভঙ্গুর অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা করেছেন। , স্থানীয় সরকারমন্ত্রী বলেন, তারেক রহমানের ম ধ্যে জিয়াউর রহমানের প্রতিচ্ছবি দেখা যাচ্ছে। তার হাত ধরেই নতুন বাংলাদেশ আবারও এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন বিএনপি মহাসচিব।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## আমাদের ‵লার্নিং আউটকাম, বা শিক্ষার ফল এখনও সন্তোষজনক নয়: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন ‵অতীতের সব সময়ের চেয়ে বর্তমান সরকার শিক্ষা খাতে সর্বোচ্চ বাজেট দিয়েছে, যা মোট বাজেটের ২ শতাংশ। তবে আমাদের ‵লার্নিং আউটকাম, বা শিক্ষার ফল এখনও সন্তোষজনক নয়। আমরা সমস্যাগুলো চিহ্নিত করে তা সমাধানে কাজ করছি। , আজ রোববার রাজধানীর বনানীতে ‵বাংলাদেশের শিক্ষা খাত বিশ্লেষণ, শীর্ষক এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। শিক্ষামন্ত্রী বলেন, ‵শিক্ষার্থীদের আনন্দের সঙ্গে শিক্ষা প্রদানের লক্ষ্য নিয়ে কাজ করছে সরকার। এ লক্ষ্যে শিক্ষায় ক্রীড়া ও সাংস্কৃতিক শিক্ষা যুক্ত করা হচ্ছে। প্রাথমিক স্তরে ঝরে পড়ার হার রোধে স্কুল ইউনিফর্ম ও মিড -ডে মিলসহ নানা প্রকল্প গ্রহণ করা হয়েছে। পাশাপাশি স্যানিটেশন সমস্যার সমাধানেও বিশেষ নজর দেওয়া হয়েছে।, বিশেষ অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেন, ‵প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও উচ্চশিক্ষার ধারাকে এক রেখায় আনতে কাজ চলছে। প্রাথমিক শিক্ষার খরচ কমিয়ে আনতে সরকার বদ্ধপরিকর। দেশের সব স্কুলে প্রি -প্রাইমারি ক্লাস চালু করা হবে এবং প্রাথমিক শিক্ষা উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ সরকারের ১৮০ দিনের মধ্যেই বাস্তবায়ন করা হবে। , প্রতিমন্ত্রী জানান, আগামী বছরের মধ্যে সরকারিভাবে মিড-ডে মিল, প্রাইমারি স্কুলের শিক্ষার্থীদের ইউনিফর্ম, ব্যাগ ও জুতা দেওয়া হবে। মানসম্মত শিক্ষা দেওয়া হচ্ছে না - এমন দাবি তুলে অভিভাবকরা কিন্ডার গার্টেনের দিকে ঝুঁকছেন উল্লেখ করে তিনি বলেন, ‵আমরা

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সর্বোচ্চ চেষ্টা করছি। এখন থেকে শিক্ষা ক্ষেত্রে ব্যয়ের বিপরীতে আউটকাম বা ফলাফল বিবেচনা করা হবে।, শিক্ষক বদলি প্রসঙ্গে ববি হাজ্জাজ বলেন , 'বিগত দিনে শিক্ষকদের বদলি নিয়ে একটি বিশাল সিন্ডিকেট তৈরি হয়েছিল। এখন থেকে প্রাথমিক লেভেলের শিক্ষকদের বদলি স্থানীয় প্রশাসনের কাছে ন্যস্ত করা হবে। আগামী দুই বছর পর প্রশিক্ষণ ছাড়া কোনো শিক্ষক ক্লাসরুমে যেতে পারবেন না।, তিনি আরও জানান, ২০২৭ সালের কারিকুলামে প্রাথমিক পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক শিক্ষা বাধ্যতামূলক করা হবে। পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি নির্দিষ্ট স্কুল ক্যালেন্ডার তৈরি করে দেয়া হবে। সামগ্রিকভাবে কারিকুলাম, শিক্ষক, অবকাঠামো ও প্রশাসন ব্যবস্থা ঢেলে সাজাতে সরকার কাজ করছে এবং এবারের বাজেটে শিক্ষা খাতে প্রথমবারের মতো সঠিক বরাদ্দ দেওয়া হয়েছে বলে তিনি মন্তব্য করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৬.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন গুম ও খুনের শিকার ভুক্তভোগী পরিবারের সদস্যরা

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন মানবাধিকার সংগঠন 'মায়ের ডাক,-এর গুম ও খুনের শিকার ভুক্তভোগী পরিবারের সদস্যরা। আজ রোববার সন্ধ্যায় জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষের বাইরে তারা সাক্ষাৎ করেন। তিনি জানান, এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমানের আমন্ত্রণে নতুন অর্থবছরের জাতীয় বাজেট অধিবেশন প্রত্যক্ষ করেন 'মায়ের ডাক,-এর সদস্যরা। দুপুরে জাতীয় সংসদের বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ গ্যালারিতে সংগঠনটির ২৬ জন সদস্য বাজেট অধিবেশনের কার্যক্রম সরাসরি প্রত্যক্ষ করেন। ত্রয়োদশ জাতীয় সংসদের আজকের বাজেট অধিবেশনে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে চলতি অধিবেশনের বৈঠক রাত ৮টায় শেষ হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## ত্রয়োদশ জাতীয় সংসদের আরো দুটি কমিটি গঠন

ত্রয়োদশ জাতীয় সংসদের আরো দুটি কমিটি গঠন করা হয়েছে। আইন , বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি হয়েছেন ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ এবং অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি হয়েছেন মুশফিকুর রহমান। রোববার জাতীয় সংসদ অধিবেশনে এই কমিটি গঠন করা হয়। ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে অধিবেশনে সংসদ নেতা ও প্রধান মন্ত্রী তারেক রহমানের পক্ষে চিফ হুইপ মো. নূরুল ইসলাম মনি এসংক্রান্ত প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। আইন , বিচার ও সংসদ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্যরা হলেন - মন্ত্রী মো. আসাদুজ্জামান, এম মাহবুব উদ্দিন (নোয়াখালী-১), মো. নওশাদ জমির (পঞ্চগড়-১), শাকিলা ফারজানা (সংরক্ষিত আসন-৮), মো. মনজুরুল ইসলাম (দিনাজপুর-১), মো. হাসান রাজীব প্রধান (লালমনিরহাট-১), মো. নাজিবুর রহমান (পাবনা-১), আক্তার হোসেন (রংপুর-৪) এবং আল ফারুক আব্দুল লতিফ (নীলফামারী-২)। অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্যরা হলেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী , নূরুল ইসলাম (বরগুনা-২), মীর শাহ আলম (বগুড়া-২), মোহাম্মদ জালাল উদ্দীন (চাঁদপুর-২), মঈনুল ইসলাম খান (মানিকগঞ্জ-২), মোহাম্মদ শাহাদাত হোসেন (লক্ষ্মীপুর-১), মোহাম্মদ সাইফুল আলম (ঢাকা-১২), সৈয়দ জয়নুল আবেদীন (ঢাকা-৪) এবং মোহাম্মদ আবুল হাসনাত (কুমিল্লা-৪)
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## এডিবির বাজেট সহায়তায় রিজার্ভ বেড়ে৩৫ বিলিয়ন ডলারের বেশি

চলতি ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশকে এক বিলিয়ন ডলার বাজেট সহায়তা দিয়েছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এডিবি। ফলে বৈদেশিক মুদ্রার সঞ্চয় বা রিজার্ভ বেড়ে ফের সাড়ে ৩৫ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে। কেন্দ্রীয় ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ১৪ জুন পর্যন্ত দেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ৩৫ দশমিক ৬৩ বিলিয়ন ডলারে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বিপিএম -৬ হিসাবপদ্ধতিতে রিজার্ভের পরিমাণ ৩১ দশমিক ০৭ বিলিয়ন ডলার। গত সপ্তাহে, অর্থাৎ ১০ জুন মোট রিজার্ভ ছিল ৩৪ দশমিক ৭৪ বিলিয়ন ডলার এবং বিপিএম -৬ অনুযায়ী ছিল ৩০ দশমিক ০৭ বিলিয়ন ডলার। তবে মোট রিজার্ভের পুরোটা ব্যবহারযোগ্য নয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## ১৯৭ কিলোমিটার পথ গাড়ি চালিয়ে বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী

কক্সবাজারের প্রাকৃতিক সৌন্দর্যের মাঝে ব্যতিক্রমী এক সফর করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সরকারি কর্মসূচিতে যোগ দিতে এসে পুরো সফরজুড়ে নিজেই ১৯৭ কিলোমিটার পথ গাড়ি চালিয়ে বিভিন্ন কর্মসূচিতে তিনি অংশ নিয়েছেন। গতকাল শনিবার কক্সবাজারে সফরে গিয়ে প্রধানমন্ত্রী নিজেই গাড়ি চালিয়ে বিভিন্ন স্পট ঘুরে ঘুরে পূর্ব নির্ধারিত কর্মসুচি পালন করেন। এ তথ্য জানিয়েছেন তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন , "প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকা থেকে সকালে কক্সবাজার বিমানবন্দরে নেমে সে খান থেকেই সফর শুরু করেন। প্রাকৃতিক দুযোর্গের মধ্যে নিজেই গাড়ি চালিয়ে যান পিএমখালী ইউনিয়নের পাতলী খাল খনন কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানস্থলে

যান।„ কর্মসূচি শেষে আবারও স্টিয়ারিং হাতে নিয়ে রওয়ানা হন ডুলাহাজারা সাফারি পার্কের উদ্দেশ্যে। এমনিভাবে কক্সবাজারের দি নব্যাপি সব কর্মসূচিতেই নিজেই গাড়ি চালিয়ে অংশ নেন প্রধানমন্ত্রী। এ সময় সড়কের দুই পাশে হাজার হাজার স্থানীয় বাসিন্দা ও দলীয় নেতা-কর্মী তাকে একনজর দেখতে ভিড় জমান। অনেকেই হাত নেড়ে শুভেচ্ছা জানান, আর প্রধানমন্ত্রীও হাসিমুখে তাদের অভিবাদনের জবাব দেন। প্রধানমন্ত্রী র গাড়িতে সামনের আসনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, পেছনের আসনে প্রধানমন্ত্রীর সহধর্মিণী জুবাইদা রহমান ও স্বরাষ্ট্র মন্ত্রীর স্ত্রী হাসিনা আহমদ বসেন। প্রধানমন্ত্রীর এমন স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও নিজে গাড়ি চালিয়ে কর্মসূচিতে অংশ নেওয়ার বিষয়টি সাধারণ মানুষের মধ্যে ব্যাপক আগ্রহের সৃষ্টি করে। কক্সবাজারের মনোরম পরিবেশে এই সফর হয়ে ওঠে কর্মব্যস্ততার পাশাপাশি জনসম্পৃক্ততারও এক অনন্য দৃষ্টান্ত। দীর্ঘ ১৭ বছর লন্ডনে নির্বাসিত জীবন শেষে ২০২৪ সালে ২৫ ডিসেম্বর দেশে ফেরেন তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়া র পর তারেক রহমান বিভিন্ন সময়ে গাড়ি ড্রাইভ করেছেন। তবে এত দীর্ঘ পথে তারেক রহমানের ড্রাইভ এই প্রথম। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## ইসলামী ব্যাংকের চেয়ারম্যানসহ পুরো পর্ষদ বাতিল করল বাংলাদেশ ব্যাংক

ব্যাংকের স্থিতিশীলতা ও আমানতকারীদের স্বার্থ সুরক্ষার লক্ষ্যে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির চেয়ারম্যানসহ পুরো পরিচালনা পর্ষদ ভেঙে দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি কেন্দ্রীয় ব্যাংকের নির্বাহী পরিচালক মোহাম্মদ জহির হোসেনকে ব্যাংকটির পর্ষদের সব ক্ষমতা ও দায়িত্ব অর্পণ করা হয়েছে। রোববার বাংলাদেশে ব্যাংক থেকে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে , ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় ও ৪৭(৩) ধারায় বাংলাদেশ ব্যাংকের ওপর অর্পিত ক্ষমতাবলে এবং ব্যাংক-কোম্পানির স্বার্থে, আমানতকারীদের স্বার্থে ও জনস্বার্থে বাংলাদেশ ব্যাংক আজ ইসলামী ব্যাংক বাংলাদেশ পি এলসি-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যানসহ সব পরিচালকের নিয়োগ বাতিল করেছে। ব্যাংক কোম্পানি আইন , ১৯৯১-এর ৪৭(৩) ধারায় বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোহাম্মদ জহির হোসেন পর্ষদের যাবতীয় ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## গোপন কার্যক্রম চালানোর অভিযোগে সাবেক রাবি ছাত্রলীগ নেতা আটক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গোপন কার্যক্রম চালানোর অভিযোগে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের এক সাবেক নেতাকে আটক করেছে একদল শিক্ষার্থী। আজ রোববার বিকেল সাড়ে পাঁচটায় তা কে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। আটক নেতার নাম সোলাইমান। তিনি মাদারবক্স হল শাখা ছাত্রলীগের সাবেক ধর্ম বিষয়ক সম্পাদক এবং বোটানি বিভাগের ২০১৯-২০ বর্ষের শিক্ষার্থী। পুলিশে সোপর্দের বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, `সোলাইমান আওয়ামী লীগ সরকারের সময়ে আমাদের এক শিক্ষার্থীকে টর্চারসেলে নির্যাতন করেছিল। এ কারণেই সেই শিক্ষার্থী ও তার বন্ধুরা তাকে ধরে প্রক্টর অফিসে নিয়ে আসে। এছাড়াও নতুন করে ছাত্রলীগকে সক্রিয়করণের বিভিন্ন কার্যক্রমের সঙ্গে তার সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। পরে মতি হার থানা পুলিশের কাছে তাকে হস্তান্তর করা হয়।, মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা গোলাম কবির বলেন , `সোলাইমান ছাত্রলীগের বিভিন্ন গোপন কার্যক্রম চালাচ্ছিল। তারা গোপন মিটিংয়ের মাধ্যমে পুনরায় সক্রিয় হওয়ার চেষ্টা করছিল। এ বিষয়ে তথ্য পাওয়ার পরই আমরা ক্যাম্পাস থেকে তাকে আটক করি।, (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

## সাবেক আইজিপি শহীদুলসহ দুইজনকে জিজ্ঞাসাবাদের অনুমতি

বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে ছাত্রদল নেতা মো . নুরুজ্জামান জনিকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় পুলিশের সাবেক একেএম শহীদুল হক ও ডিএমপির সাবেক ক মিশনার আসাদুজ্জামানকে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন ট্রাইব্যুনাল। একইসঙ্গে মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ২৬ জুন দিন ধার্য করা হয়েছে। রোববার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -২ এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ আদেশ দেয়। প্যানেলের অপর সদস্যরা হলেন - বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে শুনানি করেন প্রসিকিউটর ফারুক আহাম্মদ। তিনি এ মামলার অগ্রগতি তুলে ধরে শহীদুল ও আসাদুজ্জামানকে একদিন করে জিজ্ঞা সাবাদের অনুমতি চান। একইসঙ্গে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সময়ের আবেদন করা হয়। শুনানি শেষে আবেদন দুটি মঞ্জুর করে তাদের জিজ্ঞাসাবাদের অনুমতি দেন আদালত। এদিন সকালে কারাগার থেকে প্রিজনভ্যানে করে পুলিশের সাবেক এই দুই কর্মকর্তাকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। প্রসি কিউশনের তথ্য অনুযায়ী , রাজধানীর খিলগাঁও থানা শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক ছিলেন জনি। ২০১৫ সালের ১৯ ফেব্রুয়ারি ঢাকা কেন্দ্রীয় কারাগারের সামনে থেকে তাকে তুলে নিয়ে যায় পুলিশ। তার সঙ্গে ছাত্রদল নেতা মহিউদ্দিনও ছিলেন। এরপর ওইদিন রাত সাড়ে ৩টার দিকে খিলগাঁও খেলার মাঠে জনিকে বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে হত্যা করে পুলিশ। এ ঘটনায় ডিএমপির তৎকালীন কমিশনার আসাদুজ্জামান মিয়া ও তৎকালীন আইজিপি শহীদুল হকের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের মামলা হয়, যা তদন্তাধীন রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৬.২০২৬ আসাদ)

# BBC

**TRUMP SAYS US-IRAN DEAL TO BE SIGNED ON SUNDAY AS TEHRAN CASTS DOUBT ON TIMING**

President Donald Trump has said a deal to end fighting between the US and Iran is scheduled to be signed on Sunday, after Iran cast doubt on the timing. In a post on social media, Trump said the Strait of Hormuz, a key shipping route, would be "open to all" once the deal is agreed. On Saturday, Pakistan, a key mediator, also said the deal was "likely expected" to be finalized within 24 hours and they were "preparing for the electronic signing". A delegation from Qatar , which has also mediated in the talks, arrived in Tehran on Sunday, Iranian media reported. It was not clear if the visit would affect the timing of Iran's expected signature of the deal. In a post on Truth Social on Saturday, Trump wrote: "The Deal is scheduled to get signed tomorrow, and immediately after it is signed, the Hormuz Strait is OPEN TO ALL." (BBC News Web Page: 14/06/26, FARUK)

**ARMED MEN KIDNAP HIGH-RANKING SECURITY OFFICIAL IN HAITI**

Armed men in Haiti have kidnapped the defence minister's chief of staff, the highest-ranking official to be kidnapped in the violence-wracked Caribbean country in recent years. Top security official James Boyard, who is also inspector general of Haiti's police, was seized in the island's capital Port-au-Prince on Thursday. Both the Associated Press news agency and the New York Times confirmed his abduction via sources, with the newspaper adding Boyard's wife and six-year-old daughter were also taken. A ransom has been requested, according to the New York Times, who cited a person familiar with the case. Boyard, a highly respected security expert, is chief of staff to Mario Andresol who was appointed in March. He was tasked with helping rebuild Haiti's armed forces.
(BBC News Web Page: 14/06/26, FARUK)

**SWISS VOTERS REJECT 10 MILLION POPULATION CAP, EARLY PROJECTIONS SAY**

Voters in Switzerland have rejected a proposal to limit the country's population to 10 million, early projections suggest. Not all votes have been counted, but the current trend suggests 55% of participants voted against, to 45% for. The proposal came from the right-wing Swiss People's Party, which has long campaigned on an anti-immigration platform. The divisive vote risked putting the country's free movement agreement with the European Union in jeopardy. Switzerland's population has grown rapidly since 2002, when it stood at 7.3 million. Now it is 9.1 million, 27% of whom are Swiss residents who were born abroad. However, the People's Party's says that capping the population would reduce pressure on transport, housing and the environment seem not to have persuaded enough voters.
(BBC News Web Page: 14/06/26, FARUK)

**ROYAL MARINES BOARD RUSSIAN SHADOW FLEET OIL TANKER IN ENGLISH CHANNEL**

Royal Marine Commandos have boarded a Russian shadow fleet oil tanker in the English Channel in the early hours of Sunday morning. Marines, joined by National Crime Agency officers, with the support of the RAF, intercepted and boarded the vessel in a six-hour operation - the first operation of its kind by UK armed forces. The vessel, Smyrtos, will be held and monitored off the south coast of England as investigations continue, the MoD said. Sir Keir Starmer said: "This successful operation delivers yet another blow to Russia and reminds those fuelling Putin's war in Ukraine that we will not let them hide." Russia has been operating a "shadow fleet" of tankers to evade international sanctions imposed on its oil exports. The MoD said the UK has sanctioned more than 500 vessels.
(BBC News Web Page: 14/06/26, FARUK)

**ISRAEL ATTACKS SOUTHERN BEIRUT AFTER ALLEGED HEZBOLLAH DRONE FIRE**

The Israeli military has attacked targets in Beirut's southern suburbs in what Prime Minister Benjamin Netanyahu said was a response to Hezbollah firing into northern Israel, raising concerns over the impact on delicate peace negotiations between the United States and Iran. Netanyahu's office said in a statement on Sunday that the military had "just carried out strikes in the Dahiyeh district of Beirut against terrorist targets belonging to the Hezbollah terrorist organization, in response to Hezbollah's firing toward Israeli territory". Lebanon's National News Agency said at least two people were killed and four wounded. The Israeli

military said Hezbollah had launched three projectiles towards northern Israel in what it described as a blatant ceasefire violation. (BBC News Web Page: 14/06/26, FARUK)

**ROMANIAN PRESIDENT PICKS LIBERAL FORMER MAYOR AS PM TO FORM NEW GOVERNMENT**

Romanian President Nicusor Dan has nominated Adrian Vestea, a National Liberal Party member and former mayor, as prime minister to form a new government after the previous choice for the post withdrew. "Eugen Tomac withdrew his mandate this morning and as such I nominate Adrian Vestea as prime minister," Dan, a centrist, said in a post on X on Sunday. Vestea, 52, is the county council president of the central Romanian county of Brasov. Eugen Tomac had been seeking to lead a government of technocrats but lacked support from the parties in parliament. Vestea, who served as a development minister from 2023 to 2024, said in a statement that he wants a "political government that will undertake real reforms and keep Romania on a pro-Western path". (BBC News Web Page: 14/06/26, FARUK)

**FIFA TO PAY SOMALI REFEREE ARTAN FULL WORLD CUP FEE**

Somali referee Omar Artan, who was denied entry to the United States to officiate at the World Cup, will still receive his full tournament fee. Artan was interrogated for 11 hours by US immigration authorities at Miami International Airport on Monday before being told he would not be allowed into the country after his diplomatic passport and single entry US visa were rejected. A US government official said Artan had not been allowed to enter the country because of an alleged "association with suspected members of terror organizations". Artan said he had been questioned by border officials over his links to Somali militant group Al Shabab and had told them he knew nothing about the organization.
(BBC News Web Page: 14/06/26, FARUK)

**:: THE END ::**